

সারা দেশে গুপ্ত হামলার শঙ্কা

বাংলা পত্রিকা রিপোর্ট: ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শরিফ ওসমান বিন হাদিকে গুপ্ত হামলার পর দেশের আইনশৃঙ্খলা ১০-এর পৃষ্ঠায় দেখুন

দীর্ঘ অপেক্ষার পর শেষ মুহূর্তে বাতিল নাগরিকত্বের শপথ

যুক্তরাষ্ট্রে অনিশ্চয়তায় ১৯ দেশের অভিবাসীরা

ওয়াশিংটন : যুক্তরাষ্ট্রে নাগরিকত্ব পাওয়ার শেষ ধাপে পৌঁছেও হঠাৎ করে শপথ অনুষ্ঠান বাতিল হওয়ায় চরম অনিশ্চয়তায় পড়েছেন ভ্রমণ নিষেধাজ্ঞার আওতায় থাকা ১৯টি দেশের বহু অভিবাসী। ট্রাম্প প্রশাসনের সাম্প্রতিক সিদ্ধান্তে ইরান, ভেনেজুয়েলা সহ এসব দেশের নাগরিকদের নাগরিকত্ব প্রক্রিয়া কার্যত স্থগিত হয়ে গেছে।

ইরান থেকে আসা অভিবাসী সানাম প্রায় এক দশকের বেশি সময় ধরে আমেরিকার নাগরিকত্বের জন্য ৬-এর পৃষ্ঠায় দেখুন

পথচলায় ৩০ বছর

The Weekly বাংলা পত্রিকা Bangla Patrika

■ Vol. 30 ‖ Issue 12 / December 15, 2025, USA. Free in NY, Other State $1

বর্ষ ৩০ ‖ সংখ্যা ১২ ‖ সোমবার, ডিসেম্বর ১৫, ২০২৫, অগ্রহায়ণ ৩০, ১৪৩২ ‖ জমাদিউস সানি ২৩, ১৪৪৭

‘অ্যাফোর্ডেবল কেয়ার অ্যাক্ট’ এর ভর্তুকী বন্ধের পথে

স্বাস্থ্যবিমা হারাতে পারেন কোটি আমেরিকান

বাংলা পত্রিকা রিপোর্ট: চলতি বছরের শেষেই মেয়াদ শেষ হতে যাচ্ছে ‘অ্যাফোর্ডেবল কেয়ার অ্যাক্ট’ বা এসিএ’এর বর্ধিত প্রিমিয়াম ট্যাক্স ক্রেডিট। ২০২১ সালে কোভিড পরবর্তী সময়ে এই বাড়তি ভর্তুকি ‘ইনফ্লেশন রিডাকশন অ্যাক্ট’-এর মাধ্যমে ২০২৫ সালের শেষ পর্যন্ত বাড়ানো হয়েছিল।

কিন্তু সিনেটে বৃহস্পতিবার দুটি স্বাস্থ্য সেবা বিল পাস না হওয়ায় অ্যাফোর্ডেবল কেয়ার অ্যাক্ট বা ওবামা কেয়ার এর বাড়তি ভর্তুকি বন্ধ হতে যাচ্ছে ১ জানুয়ারি থেকে। আর এ ভর্তুকী না থাকলে ২০২৬ সালের শুরু থেকেই স্বাস্থ্যবিমার খরচে বৃদ্ধির মুখে পড়তে হচ্ছে যুক্তরাষ্ট্রের কোটি পরিবারকে, এমনটাই আশঙ্কা বিশ্লেষকদের।

স্বাস্থ্যবীমা হারানোর ঝুঁকিতে থাকা নারী স্টেসি কক্স গণমাধ্যমে জানান জানুয়ারি থেকে তার অ্যাফোর্ডেবল কেয়ার অ্যাক্ট বীমার মাসিক প্রিমিয়াম প্রায় ৪০০ ডলার থেকে প্রায় তিন গুণ বেড়ে ১ হাজার ১০০ ডলারেরও বেশি হবে ।

সিবিএস নিউজ জানায়, অ্যাফোর্ডেবল



কেয়ার অ্যাক্ট বীমার প্রায় ৯০ শতাংশ গ্রাহক এই ভর্তুকির ওপর নির্ভরশীল । ভর্তুকি উঠে গেলে প্রায় ২ কোটি ২০ লাখ আমেরিকানকে কঠিন আর্থিক সংকটে পড়তে পারেন।

স্বাস্থ্যনীতি বিষয়ক সংস্থা কে এফ এফ তথ্যমতে, যারা বর্তমানে ভর্তুকি পাচ্ছেন, তাদের ক্ষেত্রে বিমার নিজস্ব প্রিমিয়াম গড়ে ১১৪ শতাংশ বেড়ে যাবে। এতে বছরে অতিরিক্ত প্রায় ১ হাজার ডলার খরচ যোগ হবে। সেই হিসেবে বাৎসরিক ৭৫ হাজার ডলার আয়ের চার সদস্যের একটি পরিবারের ক্ষেত্রে প্রিমিয়াম বাড়তে পারে আরও ৩ হাজার ৩৬৮ ডলার।

এপি নিউজকে উইসকনসিনের সোয়ার কাউন্টির অবসরপ্রাপ্ত দম্পতি চ্যাড ও কেলি ব্রান্স জানান, এতদিন মাসে মাত্র ২ ডলারে ‘গোল্ড’ মানের বিমা নিয়েছিলেন, যেখানে ডিডাক্টিবল ছিল ৪ হাজার ডলারের কম। সীমিত আয়ের কারণে তারা বড় অঙ্কের ভর্তুকি পেতেন। কিন্তু ২০২৬ সালে সেই একই বিমার মাসিক খরচ বেড়ে দাঁড়াচ্ছে প্রায় ১ হাজার ৬০০ ডলার। বাধ্য হয়ে তারা নামতে যাচ্ছেন ‘ব্রোঞ্জ’ প্যানে, যেখানে ডিডাক্টিবল বেড়ে হবে ৬-এর পৃষ্ঠায় দেখুন

ডিপোর্টেশন লক্ষ্যমাত্র নিয়ে

অভ্যন্তরীণ দ্বন্দ্বে ডিএইচএস শীর্ষ কর্মকর্তারা

বাংলা পত্রিকা ডেস্ক রিপোর্ট: হোয়াইট হাউসের নির্দেশে ডিপোর্টেশন বৃদ্ধির চাপ ও দৈনিক অভিবাসী আটকের লক্ষমাত্রা পূরণ নিয়ে ডিপার্টমেন্ট অব হোমল্যান্ড সিকিউরিটির (ডিএইচএস) শীর্ষ কর্মকর্তাদের মধ্যে অভ্যন্তরীণ দ্বন্দ্ব দেখা দিয়েছে। ক্রিস্টি নোয়েম ও উপদেষ্টা কোরি লেওয়ানডোস্কি গ্রেপ্তারের লক্ষ্য পূরণে ব্যর্থতার দায় নিতে নারাজ। তারা দোষ চাপাচ্ছেন অধীনস্থ কর্মকর্তাদের ওপর। আর এমন দ্বন্দ্বে কয়েকজন কর্মকর্তা পদত্যাগেরও হুশিয়ারি দিয়েছেন। এমন খবর জানিয়েছে এনবিসি নিউজ।



দুইজন প্রত্যক্ষ সূত্রের বরাত দিয়ে এনবিসি নিউজ তাদের প্রতিবেদনে বলে, ডিএইচএস সেক্রেটারী ক্রিস্টি নোয়েম ও উপদেষ্টা কোরি লেওয়ানডোস্কি গ্রেপ্তারের লক্ষ্য পূরণে ব্যর্থতার দায় আইস এর কার্যনির্বাহী পরিচালক টড লায়ন্স ও কাস্টমস অ্যান্ড বর্ডার প্রোটেকশন (সিবিপি) কমিশনার রডনি স্কট এর ওপর চাপাচ্ছেন। ১৮-এর পৃষ্ঠায় দেখুন

যুক্তরাষ্ট্র বিমুখ কানাডার পর্যটকেরা

বাংলা পত্রিকা ডেস্ক রিপোর্ট: একটা সময় যুক্তরাষ্ট্রে আসা প্রতি চারজন বিদেশি পর্যটকের একজন ছিলেন কানাডিয়ান। কিন্তু এখন পরিস্থিতি বদলেছে। কিন্তু প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের আরোপিত ব্যাপক শুল্ক ও কানাডাকে যুক্তরাষ্ট্রের ‘৫১তম অঙ্গরাজ্য’ করার ইঙ্গিতের পর কানাডার বহু নাগরিক যুক্তরাষ্ট্রে ছুটি কাটানো থেকে সরে যাচ্ছেন। টানা ১২ মাস চলা এই ভ্রমণ বর্জন থামার কোনো লক্ষণ এখনো নেই।

দীর্ঘদিন ধরে কানাডা ছিল যুক্তরাষ্ট্রে আন্তর্জাতিক পর্যটকের সবচেয়ে বড় উৎস। ২০২৪ সালে যুক্তরাষ্ট্রে আসা বিদেশি পর্যটকদের ২৮ শতাংশই ছিলেন কানাডিয়ান। কিন্তু ২০২৫ সালের জানুয়ারি থেকে সেই সংখ্যা দ্রুত কমতে শুরু করে।

যুক্তরাষ্ট্রের ট্রাভেল অ্যাসোসিয়েশন (ইউএসটিএ) জানায়, চলতি বছরের জানুয়ারি থেকে ১০-এর পৃষ্ঠায় দেখুন

বিমান যাত্রীদের তথ্য ব্যবহার করে অভিবাসীদের শনাক্ত করছে আইস

চালাচ্ছে ইমিগ্রেশন ক্র্যাকডাউন

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্রে ট্রান্সপোর্টেশন সিকিউরিটি এডমিনিস্ট্রেশন বিমানের ভ্রমণ কারীদের তথ্য নিয়মিত প্রদান করছে ইমিগ্রেশন এন্ড কাস্টমস এনফোর্সমেন্ট -আইস এর কাছে। আর এ তথ্য সংগ্রহ করে বিমানে ভ্রমণকারী যাত্রীদের ইমিগ্রেশন স্ট্যাটাস নিশ্চিত হয়ে অভিবাসীদের স্ট্যাটাস শনাক্ত করে ডিপোর্টেশন কার্যক্রম পরিচালিত করছে আইস।



যাত্রীদের এ তথ্য সংগ্রহ করে মূলত সন্ত্রাসবাদ প্রতিরোধে ব্যবহৃত হতো সেটি। কিন্তু এবার প্রথমবার সেই একই তথ্য সরাসরি ব্যবহার হচ্ছে অভিবাসন অভিযানে যা অভিবাসন নীতিতে একটি বড় পরিবর্তন।

শুক্রবার দ্য নিউইয়র্ক টাইমস তাদের প্রকাশিত প্রতিবেদনে নথি অনুযায়ী জানায়, টিএসএ সপ্তাহে একাধিকবার যাত্রীদের তালিকা আইস এর বিশেষ ইউনিটে পাঠায়। এরপর সেই নামগুলো নিজেদের ডাটাবেসের সঙ্গে মিলিয়ে দেখে আইস। কোনো ১৭-এর পৃষ্ঠায় দেখুন

যে কোন ইন্স্যুরেন্স পেতে আজই যোগাযোগ করুন



EXIT LUXURY INC.
BASE NO. B03152
APOLLO
INSURANCE BROKERAGE
WE DO TLC INSURANCE
Shamsher Ali
President & CEO
29-10 36th Ave., Astoria, NY 11106
Tel: 718-472-9800, Fax: 718-472-9801
e-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
▪ TAX Liens Charge Offs ▪ Inquiries ▪ Collections
▪ Garnishment ▪ Bankruptcy ▪ Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem
Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

ডিপোর্টেশন গতি বৃদ্ধিতে

৬টি বোয়িং বিমান কিনছে ডিএইচএস

বাংলা পত্রিকা রিপোর্ট: যুক্তরাষ্ট্র থেকে অনথিভুক্ত অভিবাসী ডিপোর্টেশনের গতি বৃদ্ধি ও সরকারী ব্যয় কমাতে নিজস্ব বিমান বহর তৈরী করছে ডিপার্টমেন্ট অফ হোমল্যান্ড সিকিউরিটি-ডিএইচএস। এজন্য ইতিমধ্যে ডিএইচএস ৬টি বোয়িং ৭৩৭ বিমান ক্রয়ের চুক্তি সম্পন্ন করেছে।

ডিএইচএস'র বরাত দিয়ে ওয়াশিংটন পোস্টের খবরে বলা হয়েছে, এই বিমানগুলো আইস ও ফেডারেল সংস্থার ব্যবহার করবে অভিবাসীদের যুক্তরাষ্ট্র থেকে ডিপোর্টেশন এর জন্য। ৬-এর পৃষ্ঠায় দেখুন

TiME TV PLUS
টাইম টিভিসহ দেশী-বিদেশী দেড় শতাদিক চ্যানেল দেখুন
Time TV + এ
বাৎসরিক চার্জ $100
যোগাযোগঃ ৬৪৬-২৯১-৭৪০৮

রিয়েল এস্টেট ইনভেস্টমেন্ট
▸ প্রাইভেট অকশনের বাড়ি
▸ পাবলিক অকশনের বাড়ি
▸ ব্যাংক মালিকানা বাড়ি
▸ শর্ট-সেল ও REO-প্রপার্টি
কল করুনঃ
৫১৬-৪৫১-৩৭৪৮
Eastern Investment
150 Great Neck Road, Oreat Neck, NY 11021
nurulazim67@gmail.com



Nurul Azim

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
BANGLA TRAVELS
JACKSON HEIGHTS NEW YORK
আমরা বিভিন্ন এয়ারলাইন্সের স্টক হোল্ডার
7305 37th ROAD, JACKSON HEIGHTS, NY 11372
সুপার সেল $৫৪৯+
917-396-4140, 917-592-7828



MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

বড় অংশই বাংলাদেশ, ভারত ও পাকিস্তানি বংশোদ্ভূত

বিট্রিশ নাগরিকত্ব হারানোর ঝুঁকিতে ৯০ লাখ মুসলিম

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাজ্য সরকারের 'চরম ও গোপনীয়' নাগরিকত্ব বাতিলের ক্ষমতার কারণে দেশটির প্রায় ৯০ লাখ মুসলিম ব্রিটিশ নাগরিকত্ব হারানোর ঝুঁকিতে রয়েছেন। এই জনগোষ্ঠীর বড় অংশই বাংলাদেশ, ভারত ও পাকিস্তানি বংশোদ্ভূত বলে উল্লেখ করা হয়েছে।

সম্প্রীতি নাগরিক অধিকার নিয়ে কাজ করা অলাভজনক প্রতিষ্ঠান রানিমিড ট্রাস্ট এবং আন্তর্জাতিক আইনজীবীদের সংগঠন রিপ্রিভ প্রকাশিত গবেষণা প্রতিবেদনে এমন তথ্য উঠে এসেছে। মিডল ইস্ট আই এক প্রতিবেদনে এ তথ্য জানিয়েছে।



গবেষণা বলছে, ব্রিটিশ স্বরাষ্ট্রমন্ত্রীর ক্ষমতায় আইনগতভাবেই নাগরিকত্ব হারাতে পারেন যুক্তরাজ্যে প্রায় ৯০ লাখ মানুষ। যা দেশটির মোট জনসংখ্যার প্রায় ১৩ শতাংশ। বর্তমান আইনে সরকার যদি মনে করে যেকোন ব্রিটিশ নাগরিক অন্য দেশের নাগরিকত্ব পাওয়ার যোগ্য, তাহলে তার নাগরিকত্ব বাতিল হতে পারে। এমনকি তিনি সেই দেশে কখনো বসবাস না করে থাকলেও বা নিজেকে সে দেশের নাগরিক বলে মনে না করলেও এ সিদ্ধান্ত নেওয়ার বিধান রয়েছে।

এ বিষয়ে অধিকারকর্মীরা বলছেন, স্বরাষ্ট্রমন্ত্রীর এমন ক্ষমতা দক্ষিণ এশিয়া, মধ্যপ্রাচ্য ও আফ্রিকার দেশগুলোর নাগরিকদের ঝুঁকিতে ফেলছে। বর্তমান 'নাগরিকত্ব বাতিলের ব্যবস্থা' এখন মুসলিম সম্প্রদায়ের জন্য একটি পদ্ধতিগত হুমকি হয়ে দাঁড়িয়েছে।

রিপ্রিভের মায়া ফোয়া মিডল ইস্ট আইকে বলেনে, পূর্ববর্তী সরকার রাজনৈতিক লাভের জন্য ব্রিটিশ পাচারের শিকারদের নাগরিকত্ব কেড়ে নিয়েছিল এবং বর্তমান সরকার চরম এবং গোপনীয় ক্ষমতা প্রসারিত করেছে।

রানিমেড ট্রাস্ট পরিচালনাকারী শাবনা বেগমও ফোয়ার যুক্তরাজ্য সরকারের এমন উদ্যোগে উদ্বেগ প্রকাশ করেছেন। তিনি বলেন, স্বরাষ্ট্র দপ্তরের বিবেচনার ভিত্তিতে 'নাগরিকত্ব কেড়ে নেওয়ার এক ভয়ঙ্কর অন্তর্নিহিত ধারা; চলছে এবং এটি ব্রিটেনের মুসলিম সম্প্রদায়ের উপর অসামঞ্জস্যপূর্ণভাবে প্রভাব ফেলেছে।

প্রতিবেদনে বলা হয়েছে, পাকিস্তান, বাংলাদেশ, সোমালিয়া, নাইজেরিয়া, উত্তর আফ্রিকা ও মধ্যপ্রাচ্যের সঙ্গে সম্পর্ক রয়েছে, এমন ব্যক্তিরা সবচেয়ে বেশি ঝুঁকিতে আছেন। যুক্তরাজ্যে বসবাসকারী মুসলিম জনগোষ্ঠীর বেশির ভাগ এসব দেশের সঙ্গে সংশ্লিষ্ট।

আইস'র হাতে গ্রেপ্তার ৭৫ হাজার অভিবাসীর নেই ক্রিমিনাল রেকর্ড

বাংলা পত্রিকা রিপোর্ট: ট্রাম্প প্রশাসনের অভিবাসন দমন অভিযানে ৯ মাসে গ্রেপ্তার হওয়া অনথিভুক্ত অভিবাসীদের এক তৃতীয়াংশেরই কোন অপরাধের তথ্য মেলেনি। বাকিদেরও অপরাধ ধরণ সম্পর্কে স্পষ্ট তথ্য মেলেনি।

ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ের বার্কলির ডিপোর্টেশন ডেটা প্রজেক্ট এর তথ্য অনুযায়ী চলতি বছরের জানুয়ারি থেকে অক্টোবর পর্যন্ত প্রায় ২ লাখ ২০ হাজার জন অভিবাসীকে গ্রেপ্তার করে ইমিগ্রেশন এন্ড কাস্টমস এনফোর্সমেন্ট। এর মধ্যে প্রায় ৭৫ হাজারের বিরুদ্ধে কোনো অপরাধের রেকর্ডই নেই। এছাড়া অপরাধী হিসেবে যাদের গ্রেপ্তার করা হয়েছে তাদের অনেকেরই অপরাধের তথ্য স্পষ্ট নয়। গুরুতর অপরাধ আর ট্রাফিক আইন লঙ্ঘনের মতো লঘু অপরাধ আলাদা করে দেখানো হয়নি।

ক্যালিফোর্নিয়া বিশ্ববিদ্যালয়ের বার্কলির ডিপোর্টেশন ডেটা প্রজেক্ট একটি মামলার মাধ্যমে এ তথ্য সংগ্রহ করে আইস এর কাছ থেকে।

এনবিসি নিউজের প্রকাশিত প্রতিবেদনের তথ্যমতে, প্রায় ২৩ হাজার অনথিভুক্ত অভিবাসীকে স্বেচ্ছায় যুক্তরাষ্ট্র ত্যাগে বাধ্য করা হয়েছে। এছাড়া বর্তমানে ৬৫ হাজার আইস ডিটেনশন সেন্টারে আটক আছেন।

মাইগ্রেশন পলিসি ইনস্টিটিউটের সিনিয়র বিশ্লেষক এরিয়েল রুইজ সোটো বলেন, "এই তথ্য পরিষ্কারভাবে দেখাচ্ছে– প্রশাসন যা বলে আসছে 'সবচেয়ে ভয়ঙ্কর অপরাধী'দের ধরার কথা, বাস্তবে তা ঘটছে না।"

রুইজ সোটো বলেন, "বর্ডার প্যাট্রোল কী পরিমাণ অভিযান চালাচ্ছে, কতজনকে গ্রেপ্তার করছে আমরা কিছুই জানি না। এটা পুরোপুরি এক 'ব্ল্যাক বক্স'।"

আইস ফিল্ড অফিসগুলোকে গ্রেপ্তারের সংখ্যা বাড়াতে তীব্র চাপের মুখে কাজ করতে হচ্ছে। গত মে মাসে হোয়াইট হাউসের ডেপুটি চিফ অব স্টাফ স্টিফেন মিলার হুঁশিয়ারি দিয়েছিলেন প্রতিদিন কমপক্ষে ৩ হাজার গ্রেপ্তার না হলে কর্মকর্তাদের বরখাস্ত করা হবে। কিন্তু নতুন তথ্য দেখাচ্ছে, জানুয়ারি ২০ থেকে প্রতিদিন গড়ে ৮২৪ জনকে গ্রেপ্তার করা হয়েছে। গ্রেপ্তার হওয়া প্রায় ৯০ শতাংশই পুরুষ। এর মধ্যে সর্বাধিক মেক্সিকান নাগরিক ৮৫ হাজার। এরপর গুয়াতেমালা ৩১ হাজার, হন্ডুরাস ২৪ হাজার। গ্রেপ্তারদের ৬০ শতাংশের বয়স ২৫ থেকে ৪৫ বছরের মধ্যে।

হিসপানিক কনস্ট্রাকশন কাউন্সিলের প্রধান জর্জ ক্যারিয়ো বলেন, "এখন শ্রমবাজারে আমরা এর প্রকৃত প্রভাব অনুভব করছি।" তাঁর মতে, প্রশাসনের 'সীমান্ত নিরাপত্তা' উদ্যোগের প্রশংসা থাকলেও, অতিরিক্ত কঠোর অভিযান ব্যবসায়িক খাতে শ্রম সংকট তৈরি করছে।"



ওসমান হাদির অবস্থা সংকটাপন্ন

গুলির ঘটনায় 'সন্দেহভাজন' কে এই ফয়সাল

শুরু হচ্ছে 'অপারেশন ডেভিল হান্ট ফেইজ-২'

বাংলা পত্রিকা ডেস্ক: ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনে ঢাকা-৮ আসনের স্বতন্ত্র প্রার্থী ও ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শরিফ ওসমান বিন হাদিকে গুলির ঘটনায় সন্দেহভাজন একজনের ছবি প্রকাশ করেছে ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি)। ঘটনাস্থলের সিসিটিভি ফুটেজ বিশ্লেষণ করে তাকে প্রাথমিকভাবে শনাক্ত করা গেছে বলে জানিয়েছে ডিএমপি। সন্দেহভাজন ওই ব্যক্তির বিষয়ে তথ্য জানাতে পুলিশের পক্ষ থেকে সহযোগিতা চাওয়া হয়েছে।

এদিকে জাতীয় নির্বাচনে শান্তিপূর্ণ পরিবেশ , আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণ ও ফ্যাসিস্ট টেরোরিস্টদের দমনের উদ্দেশ্যে অবিলম্বে 'অপারেশন ডেভিল হান্ট ফেইজ-২' চালু করা হচ্ছে।

অপরদিকে গুলিবিদ্ধ ওসমান হাদির অবস্থা এখনও সংকটাপন্ন। তার চিকিৎসা সংক্রান্ত অগ্রগতি সম্পর্কে অন্তত ৭২ ঘণ্টা না পেরোলে কিছু বলা যাচ্ছে না বলে জানিয়েছেন এভারকেয়ার হাসপাতাল বাংলাদেশের পরিচালক (মেডিকেল সার্ভিসেস) ডা. আরিফ মাহমুদ।

গত শুক্রবার দুপুরে নয়াপল্টনের বক্স কালভার্ট এলাকায় নির্বাচনি প্রচারে মাথায় গুলিবিদ্ধ হন ঢাকা-৮ আসনের স্বতন্ত্র এমপি



প্রার্থী ও ইনকিলাব মঞ্চের আহ্বায়ক শরিফ ওসমান হাদি। গুরুতর অবস্থায় তাকে ঢাকা মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হয়। সেখানে অপারেশনের পর আইসিইউতে স্থানান্তর করা হয়। অবনতি হওয়ায় হাদিকে এভারকেয়ারে নিয়ে যাওয়া হয়।

শনিবার দুপুরে এভারকেয়ারের সামনে ডা. আরিফ মাহমুদ সাংবাদিকদের বলেন, 'ওসমান হাদির মস্তিষ্কে আঘাত অত্যন্ত গুরুতর। হৃদ্‌যন্ত্র সচল থাকলেও মস্তিষ্কের অবস্থা খুব খারাপ। তাই, এক কথায় এই মুহূর্তে কিছু বলা যাচ্ছে না। প্রয়োজনে অপেক্ষার সময় আরও দীর্ঘ হতে পারে।'

ডা. আরিফ মাহমুদ বলেন, মস্তিষ্কের স্টেমে আঘাতের কারণে হাদির চোখ স্থির হয়ে আছে। তবে ইতিবাচক দিক হলো– তার শরীরের অন্যান্য অঙ্গ এখনো কার্যকর রয়েছে।

পুলিশের বিবৃতিতে সন্দেহভাজন ব্যক্তির নাম-পরিচয় দেওয়া হয়নি। সন্দেহভাজন ওই ব্যক্তির ব্যাপারে সমকালের পক্ষ থেকে খোঁজ নিয়ে জানা গেছে তার নাম ফয়সাল করিম মাসুদ ওরফে রাহুল। তার গ্রামের বাড়ি পটুয়াখালীর বাউফল উপজেলার কেশবপুর ইউনিয়নে। বাবার নাম হুমায়ুন কবির। দীর্ঘ দিন তারা আদাবরে বসবাস করনে। কার্যক্রমনিষিদ্ধ আওয়ামী লীগের ভ্রাতৃপ্রতিম সংগঠন নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের রাজনীতির সঙ্গে জড়িত ছিলেন ফয়সাল।

২০১৯ সালের ১১ মে ঘোষিত কেন্দ্রীয় ছাত্রলীগের পূর্ণাঙ্গ কমিটিতে সদস্য হয়েছিলেন তিনি। তার পুরো নাম ফয়সাল করিম দাউদ খান। একাধিক গোয়েন্দা সংস্থা ফয়সালকে প্রধান সন্দেহভাজন হিসেবে চিহ্নিত করে তদন্ত কাজ এগিয়ে নিচ্ছে। দেশত্যাগ ঠেকাতে তার ব্যাপারে ৯-এর পৃষ্ঠায় দেখুন



মিলিয়ন ডলারের ট্রাম্প গোল্ড কার্ডে মিলবে যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব

বাংলা পত্রিকা ডেস্ক: অবশেষে ধনী বিদেশিদের জন্য 'গোল্ড কার্ড' ভিসা প্রোগ্রাম চালু করেছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। কমপক্ষে ১০ লাখ ডলারের (১ মিলিয়ন ডলার যা বাংলাদেশি টাকায় ১২ কোটি টাকারও বেশি) বিনিময়ে এই দ্রুতগতির ভিসা পাবেন বিদেশিরা।

গত বুধবার ট্রাম্প সামাজিক যোগাযোগমাধ্যমে জানান, এই কার্ডের মাধ্যমে 'যোগ্য ও যাচাইকৃত' মানুষের জন্য নাগরিকত্বের সরাসরি পথ তৈরি হবে। তিনি বলেন, 'খুবই উত্তেজনাপূর্ণ মুহূর্ত! আমাদের মহান আমেরিকান কোম্পানিগুলো অবশেষে তাদের অমূল্য প্রতিভা ধরে রাখতে পারবে।'

চলতি বছরের শুরুতে 'ট্রাম্প গোল্ড কার্ড'-এর ঘোষণা দেওয়া হয়। কর্মসূচির সরকারি ওয়েবসাইট অনুযায়ী, এই ভিসা তাদের দেওয়া হবে যারা প্রমাণ করতে পারবেন যে তারা দেশটির জন্য 'উল্লেখযোগ্য উপকার' বয়ে আনবেন।

একদিকে এইচ-১বি ভিসার ওপর আরও কঠোর নীতিমালা আরোপ করছে ট্রাম্প প্রশাসন, অন্যদিকে অনথিভুক্ত অভিবাসীদের দেশে ফেরত পাঠানো হচ্ছে। এরইমধ্যে এই গোল্ড ভিসার ঘোষণা এলো।

প্রোগ্রামটির ওয়েবসাইটে বলা হয়েছে, গোল্ড কার্ডের মাধ্যমে 'রেকর্ড সময়' ধরে যুক্তরাষ্ট্রে বসবাসের সুযোগ দেওয়ার প্রতিশ্রুতি পাওয়া যাবে। তবে এর জন্য দিতে হবে ১০ লাখ ডলার দিতে হবে, যা ওই ব্যক্তি যুক্তরাষ্ট্রের জন্য যথেষ্ট উপকারী এর প্রমাণ হিসেবে গণ্য হবে। ৮-এর পৃষ্ঠায় দেখুন

সুদানে সন্ত্রাসী হামলায় ৬ বাংলাদেশি শান্তিরক্ষী নিহত

যুদ্ধ চলমান: আইএসপিআর ● প্রধান উপদেষ্টার শোক

বাংলা পত্রিকা ডেস্ক: সুদানে সন্ত্রাসীদের হামলায় ছয় বাংলাদেশি শান্তিরক্ষী নিহত হয়েছেন। বাংলাদেশের আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) আজ শনিবার খুদে বার্তায় এ কথা জানায়।

আইএসপিআর জানায়, সুদানের আবেই এলাকায় জাতিসংঘের ঘাঁটিতে হামলা চালিয়েছে সন্ত্রাসীরা। হামলায় বাংলাদেশ সেনাবাহিনীর ছয়জন শান্তিরক্ষী নিহত হয়েছেন। আহত হয়েছেন আটজন। সন্ত্রাসীদের সঙ্গে যুদ্ধ চলমান রয়েছে। এদিকে সুদানের বাংলাদেশি শান্তিরক্ষীদের হতাহতের ঘটনায় গভীর শোক ও উদ্বেগ জানিয়ে বিবৃতি দিয়েছেন প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস।

ড্রোন দিয়ে হামলা

বার্তা সংস্থা এএফপি হাসপাতাল সূত্রের বরাত দিয়ে জানিয়েছে, সুদানের কোরদোফানের কাদুগলি এলাকায় জাতিসংঘের ভবনে হামলা হয়েছে। এ হামলায় ছয়জন নিহত হয়েছেন। এ হামলার নিন্দা জানিয়েছে সুদানের সেনা সমর্থিত সরকার। সরকারের এক বিবৃতিতে, এ হামলার জন্য সরকারবিরোধী আধা সামরিক র‍্যাপিড সাপোর্ট ফোর্সেসকে দায়ী করা হয়েছে। প্রত্যক্ষদর্শীদের বরাত দিয়ে এএফপির খবরে বলা হয়েছে, ড্রোন দিয়ে জাতিসংঘের ওই ভবনে হামলা চালানো হয়েছে।

বিবৃতিতে সেনাপ্রধান জেনারেল আবদেল ফাত্তাহ আল-বুরহানের নেতৃত্বাধীন সার্বভৌম পরিষদ (সোভারেনটি কাউন্সিল) এই হামলাকে 'বিপজ্জনক উত্তেজনা বৃদ্ধি' বলে উল্লেখ করেছে।

কাদুগলি শহরে গত নভেম্বরের শুরুতে দুর্ভিক্ষ ঘোষণা করা হয়। শহরটি প্রায় দেড় বছর ধরে আরএসএফ অবরুদ্ধ করে রেখেছে। কোরদোফান একটি বিস্তৃত কৃষিভিত্তিক অঞ্চল, যা তিনটি রাজ্যে বিভক্ত। এটি পশ্চিমে আরএসএফ-নিয়ন্ত্রিত দারফুর এবং উত্তর, পূর্ব ও মধ্যাঞ্চলে সেনাবাহিনী-নিয়ন্ত্রিত এলাকার মাঝখানে অবস্থিত। সরবরাহ লাইন বজায় রাখা ও সেনা স্থানান্তরের জন্য কাদুগলির অবস্থান অত্যন্ত গুরুত্বপূর্ণ। ২০২৩ সালের এপ্রিল থেকে আধা সামরিক আরএসএফ দেশটির সেনাবাহিনীর সঙ্গে লড়াই চালিয়ে যাচ্ছে। এ অঞ্চলে তারা যোদ্ধা, ড্রোন ও মিত্র মিলিশিয়া মোতায়েন করেছে।

বিশ্লেষকদের মতে, সুদানের মধ্যাঞ্চলের চারপাশে সেনাবাহিনীর প্রতিরক্ষা ভেদ করার লক্ষ্যেই আরএসএফ এই পদক্ষেপ নিচ্ছে, যাতে খার্তুম পুনর্দখলের পথ তৈরি করা যায়।

আরএসএফের বিরুদ্ধে নানা অভিযোগ

বিবিসি জানায়, আরএসএফ ২০১৩ সালে গঠিত হয়। মূলত জানজাওয়িদ মিলিশিয়ারা আরএসএফ গঠন করে। এই মিলিশিয়ারা দারফুরে বিদ্রোহীদের বিরুদ্ধে নৃশংসতা চালিয়েছিল। দারফুরের কৃষ্ণাঙ্গ আফ্রিকান, অ-আরব জনগোষ্ঠীর বিরুদ্ধে গণহত্যা ও জাতিগত নিধনের অভিযোগ রয়েছে তাদের বিরুদ্ধে।

এরপর সুদানের জেনারেল হামদান দাগালো (হেমেদতি নামে পরিচিত) আরএসএফকে একটি শক্তিশালী বাহিনী রূপান্তরিত করেন। তিনি আরএসএফের নেতৃত্ব দিচ্ছেন। এই আরএসএফ ইয়েমেন ও লিবিয়ায় সংঘাতে হস্তক্ষেপ করেছে বলেও অভিযোগ রয়েছে।

জেনারেল দাগালো সুদানের কিছু স্বর্ণখনিও নিয়ন্ত্রণ করেন। অভিযোগ আছে যে তিনি এই ধাতু সংযুক্ত আরব আমিরাতে (ইউএই) পাচার করেন।

সুদানের সেনাবাহিনীর অভিযোগ, আরএসএফকে সমর্থন দেয় আমিরাত। আমিরাতের বিরুদ্ধে ড্রোন হামলা চালানোর অভিযোগও করে সেনাবাহিনী। যদিও তেলসমৃদ্ধ উপসাগরীয় দেশে আমিরাত এই অভিযোগ অস্বীকার করেছে।

সুদানের ৮-এর পৃষ্ঠায় দেখুন

আদালতের নির্দেশ উপেক্ষা করে

দীর্ঘদিন ধরে আইস হেফাজতে রাখা হচ্ছে অভিবাসী শিশুদের : বাড়ছে উদ্বেগ



বাংলা পত্রিকা রিপোর্ট: আদালত নির্ধারিত ২০ দিনের সীমা অমান্য করে ফেডারেল হেফাজতে শত শত অভিবাসী শিশুকে দীর্ঘসময় আটকে রাখার খবর প্রকাশ্যে আসায় উদ্বেগ বাড়ছে। আদালতে আইস এর জমা দেয়া নথিতে এমন তথ্য উঠে আসে।

কিছু শিশুকে পাঁচ মাসেরও বেশি সময় ধরে আটকে রাখার অভিযোগও পাওয়া গেছে। আইনজীবীরা বলছেন, সরকার নষ্ট খাবার, অপর্যাপ্ত চিকিৎসা ও সীমিত আইনি সহায়তার মতো মৌলিক মানদণ্ড রক্ষা করতেও ব্যর্থ হচ্ছে।

সোমবার রাতে আদালতে দাখিল করা নথিতে আটক শিশুদের পক্ষে থাকা অ্যাটর্নিরা জানান, সরকারের নিজস্ব রিপোর্টেই দেখা গেছে– শিশুদের আটকে রাখার সময়সীমা বেড়েছে, ফেডারেল আবাসনে পরিবারের সদস্য ও মনিটরদের অভিযোগ অনুযায়ী পরিবেশ অনেক সময়ই অস্বাস্থ্যকর, আর শিশুর অছায়ী আটকাবাসে আবারও হোটেলের ওপর নির্ভরতা বাড়ছে।

এই নথিগুলো ১৯৮৫ সালে শুরু হওয়া সেই মামলার অংশ, যার ফলেই ১৯৯০-এর দশকে প্রণীত হয় 'ফ্লোরেস সেটেলমেন্ট অ্যাগ্রিমেন্ট'। এই চুক্তিতে স্পষ্টভাবে উল্লেখ আছে ফেডারেল হেফাজতে শিশুদের ২০ দিনের বেশি রাখা যাবে না এবং নিরাপদ, স্বাস্থ্যসম্মত পরিবেশ নিশ্চিত করতে হবে। ট্রাম্প প্রশাসন সেই চুক্তি বাতিলের চেষ্টা করছে।

আইস-এর ১ ডিসেম্বরের রিপোর্টে জানানো হয়েছে অগাস্ট থেকে সেপ্টেম্বরের রিপোর্টিং পিরিয়ডে প্রায় ৪০০ অভিবাসী শিশুকে ২০ দিনের বেশি সময় ধরে হেফাজতে রাখা হয়েছে। সংস্থাটি আদালতে জানায়, সমস্যা কোনো নির্দিষ্ট রাজ্য বা কেন্দ্রে সীমিত নয়, বরং সারাদেশেই বিস্তৃত। মুক্তির প্রক্রিয়া বিলম্বিত হওয়ার তিনটি কারণ হিসেবে উল্লেখ করা ৮-এর পৃষ্ঠায় দেখুন

The Weekly Bangla Patrika
Editor: **Abu Taher**
Tel : 718 482 9923
718 482 1169
Fax: 718 482 9935

সম্পাদকীয়

অভিবাসন: স্বপ্নের দেশে অনিশ্চিত জীবনের গল্প

যুক্তরাষ্ট্র দীর্ঘদিন ধরেই পরিচিত "অভিবাসীদের দেশ" হিসেবে। এই দেশ গড়ে উঠেছে বিভিন্ন জাতি, ভাষা ও সংস্কৃতির মানুষের শ্রম, ত্যাগ ও স্বপ্নের ওপর ভর করে। তবুও আজ সেই অভিবাসীরাই ক্রমশ কোণঠাসা–নীতিনির্ধারণী বিতর্কে, সামাজিক আলোচনায় এবং কখনও কখনও মানবিক বিবেচনাতেও।

আমরা যারা অভিবাসী, তাদের অনেকেই এই দেশে এসেছি নিরাপত্তা, সম্মানজনক কাজ এবং আমাদের সন্তানদের জন্য একটি ভালো ভবিষ্যতের আশায়। কিন্তু বাস্তবতা প্রায়ই ভিন্ন। কঠোর অভিবাসন আইন, দীর্ঘসূত্রতা, অনিশ্চিত ভিসা স্ট্যাটাস এবং হঠাৎ করে দেশছাড়া হওয়ার আতঙ্ক আমাদের নিত্যদিনের সঙ্গী।

অভিবাসন নিয়ে রাজনৈতিক বিতর্কে অভিবাসীদের প্রায়ই একটি সংখ্যা বা সমস্যারূপে উপস্থাপন করা হয়। খুব কমই আলোচনায় আসে–আমরাও মানুষ। আমাদেরও পরিবার আছে, স্বপ্ন আছে, এবং এই সমাজে অবদান রাখার ইচ্ছা আছে। কৃষি, স্বাস্থ্যসেবা, নির্মাণ, প্রযুক্তি থেকে শুরু করে শিক্ষা–প্রায় সব খাতেই অভিবাসীদের অবদান অনস্বীকার্য। তবুও আমাদের শ্রমের স্বীকৃতি যতটা, নিরাপত্তা ও সম্মান তার চেয়ে অনেক কম।

বিশেষ করে অনথিভুক্ত অভিবাসীরা সবচেয়ে বেশি ঝুঁকির মধ্যে থাকেন। শ্রম শোষণ, ন্যায্য মজুরি না পাওয়া, আইনি সহায়তা থেকে বঞ্চিত হওয়া–এসবই তাদের নিত্যদিনের বাস্তবতা। অভিযোগ করার সাহস অনেকেরই নেই, কারণ একটি অভিযোগই হয়তো ডেকে আনতে পারে আটক বা বহিষ্কারের ভয়।

অভিবাসন সংস্কার এখন সময়ের দাবি। এমন একটি মানবিক ও বাস্তবসম্মত নীতি দরকার, যা নিরাপত্তার সঙ্গে সঙ্গে মানবিকতাকেও গুরুত্ব দেবে। পরিবারগুলোকে একসঙ্গে থাকার সুযোগ দিতে হবে, দীর্ঘদিন ধরে বসবাসকারী ও কাজ করা মানুষদের জন্য বৈধতার পথ তৈরি করতে হবে, এবং আশ্রয়প্রার্থীদের আবেদন প্রক্রিয়াকে আরও ন্যায্য ও দ্রুত করতে হবে।

যুক্তরাষ্ট্রের শক্তি তার বৈচিত্র্যে। অভিবাসীদের বাদ দিয়ে নয়, বরং তাদের অন্তর্ভুক্ত করেই একটি শক্তিশালী, ন্যায়ভিত্তিক সমাজ গড়ে তোলা সম্ভব। আমাদের কণ্ঠস্বর শোনা দরকার–শুধু রাজনৈতিক স্লোগানে নয়, নীতিনির্ধারণের টেবিলেও।

অভিবাসীরা সমস্যা নয়; আমরা এই দেশের চলমান গল্পেরই অংশ।

সফলতার ২৮ বছরে
বাংলা পত্রিকা
যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক থেকে প্রকাশিত ও বহুল প্রচারিত প্রবাসী বাঙালি কমিউনিটির মুখপাত্র সাপ্তাহিক বাংলা পত্রিকা পড়ুন, লেখুন ও আপনার ব্যবসার প্রসারে বিজ্ঞাপন দিন
এ ছাড়াও দেশ ও প্রবাসে সর্বশেষ বস্তুনিষ্ঠ সংবাদ পেতে চোখ রাখুন আমাদের অনলাইন এবং ফেসবুক পেইজে
www.banglapatrikausa.com
Gmail banglapatrikausa@gmail.com

আব্রাহাম লিংকন ও মার্টিন লুথার কিং-এর দেশে এক মাস

শেষ পৃষ্ঠায় পর বিশাল আয়তনের দোকান। বিভিন্ন অংশ ঘুরে ঘুরে দেখলাম। একটা অংশে বইয়ের দোকান। সারি সারি বই। এই অংশটি প্রায় জনশূন্য। শুধু এক তরুণী বিভিন্ন তাক থেকে বই নামিয়ে দেখে রেখে দিচ্ছেন। উজ্জ্বল শ্যাম রঙ। কিছুটা বেঁটে বাঙালি ধাঁচের। চোখাচোখি হওয়াতে মিষ্টি করে হাসি দিয়ে ভদ্রতা জ্ঞাপন করলেন। কিছুক্ষণ পর খলিলি ভাই এবং সাগর এসে যোগ দিলো। এক সময় আমরা আমাদের প্রয়োজনীয় সামগ্রী কিনে হোটেলে ফিরে এলাম। এক লিটার আকারে আংগুর ফলের রসের একটা বোতল, দুই লিটার দুধের কন্টেইনার এবং বড় দেখে একটা পাউরুটি কিনলাম– সকালে তিনজনে ভাগাভাগি করে খাওয়ার জন্যে প্রাতঃরাশ হিসেবে। দোকান থেকে বেরুতেই দীর্ঘকায় এক কালো মানুষ এসে ভিক্ষে চাইলেন। সরু দেহ, কিন্তু চাহনিতে একটা ভয় লাগানোর ব্যাপার আছে। আমাদের পাশ দিয়ে এক শ্বেতাঙ্গ আমেরিকান যাচ্ছিলেন। তিনি আমাদের এক পাশে ডেকে নিয়ে বললেন, 'এদের সাহায্য করবেন না। এই টাকা দিয়ে সে নেশা করবে। দিনের বেলা এরা ভিক্ষা করে আর রাতে করে ছিনতাই, ডাকাতি। ডেনজারাস।' তিনি স্বীকার করলেন আমেরিকার অর্থনীতিকে চাঙ্গা করে রাখার পেছনে এদের অনেক বড় অবদান। এদের বলতে এই কালো মানুষ। কোন সঞ্চয়জ্ঞান বা সঞ্চয়ের মনোভাব নেই। দিনের রোজগার ঐদিনই খরচ করে ফেলে। এই খুচরো কেনাকাটা শুধু যুক্তরাষ্ট্রে নয় দেশে দেশে অর্থনীতিকে চাঙ্গা করে রাখে। শ্বেতাঙ্গ লোকটি চলে যাওয়ার পর পরই ঐ মানুষটি তার গমন পথে একরাশ থুতু ছিটিয়ে কলম্বিয়ান ভাষায় তাকে উদ্দেশ্য করে খিস্তি কাটল। বুঝলাম এই সভ্য দেশে এখনো কালো আর সাদা মানুষের মধ্যে সামাজিক অবস্থান, অর্থনৈতিক প্রেক্ষাপট, লেখাপড়া, চাকরি সব ক্ষেত্রে বৈষম্য রয়েছে। জেএফকে এবং ওয়াশিংটন ডিসি – এই দুই বিমান বন্দরে ভারী কাজগুলো দেখলাম কালো মানুষগুলোই করছেন। তাঁদের সেই শারীরিক শক্তিও রয়েছে। এটা জন্মগত। তবে কাজের ভেদাভেদের ক্ষেত্রে এটা কোন যুক্তি হতে পারে না। উভয়েই এ দেশের নাগরিক। লেখাপড়া থেকে শুরু করে সবকিছুতে সমান অধিকার থাকা চাই। ঢাকা ফিরে যাওয়ার পর মার্কিন তথ্যকেন্দ্র আমাদের জন্য একটি অভ্যর্থনা অনুষ্ঠানের আয়োজন করেছিল আমাদের প্রতিক্রিয়া জানার জন্যে। আমি সেখানে আমার এই মনোভাব ব্যক্ত করলে কার্ল ফ্রেজ ঘোরতর আপত্তি করেছিলেন। তবে পরের দিন আমার এই ধারণা ভ্রান্ত বলে মনে হচ্ছিল।

পরের দিন ওয়াশিংটনস্থ মার্কিন পররাষ্ট্র দফতরে আমাদের বৈঠক ছিল। প্রথমেই আমাদের জন্য একটি পরিচিতিমূলক অনুষ্ঠানের আয়োজন করা হল। সেখানে একজন কর্মকর্তা হাজির হলেন। শুরুতেই আমাদের দিয়ে অনেক ফরম পূরণ করানো হল। এর মধ্যে একটা ছিল বীমা সংক্রান্ত। অর্থাৎ যুক্তরাষ্ট্রে অবস্থানকালে আমরা কোন বড় অসুখে পড়লে এই বীমার আওতায় তার খরচ মেটানো হবে। ৫০ হাজার ডলার মূল্যের বীমার কার্ড সবার হাতে তুলে দেয়া হল। এছাড়া আমাদের সুদৃশ্য খামে প্রত্যেককে চার হাজার করে ডলার দেয়া হলো। এটা আমাদের পুরো এক মাসের হাত খরচ। এর মধ্যে শতকরা ১০ ভাগ ছিল বিভিন্ন হোটেল-রেস্তরাঁয় পরিচারকদের জন্য বকশিশের টাকা। এই টাকাটা দেয়া হয়েছিল ও দেশের একটি সামাজিক কিন্তু আবশ্যক রীতিরই অংশ হিসেবে। ব্রিফিংয়ে আমাদের কয়েকটি বিষয়ে পরামর্শ দেয়া হয়। যেমন, আমরা গল্পচ্ছলেও 'বোমা' শব্দটি মুখে আনবো না। মনে পড়ল কার্ল ফ্রেজও সেই কথাই বলেছিলেন। প্রকাশ্যে ওয়ালেট বের করে টাকা গুনবো না বা দেখা যায় এমনভাবে প্রদর্শন করব না। জনশূন্য এলাকা এড়িয়ে চলতে হবে। সন্ধ্যার পর একা ঘোরাঘুরি করব না। বেটি মুর বললেন, একটা কথা অবশ্যই আপনাদের সবাইকে মনে রাখতে হবে যে, 'Here nothing is free'. পররাষ্ট্র দফতরের কর্মকর্তা জানতে চাইলেন, এদেশে অবস্থানকালে আমাদের কোন বিশেষ আর্জি আছে কিনা। আমি হাত





তুললে তিনি আমার দিকে জিজ্ঞাসু দৃষ্টিতে তাকালেন। বললেন, 'বলুন কি আর্জি আপনার?' বললাম, 'আমি আমার কাগজের জন্যে প্রাক্তন প্রেসিডেন্ট বিল ক্লিনটনের একটা সাক্ষাৎকার নিতে চাই।' আমার এই আবদার শুনে সভাশুদ্ধ সবাই একটু বিস্মিত হলেন। আমি বললাম, 'আমি গুরুত্বের সঙ্গেই কথাটা বলেছি।' ঐ কর্মকর্তা নোট নিলেন এবং বললেন, 'আমার এই অনুরোধ যথারীতি তাঁকে জানানো হবে এবং তিনি কি জবাব দেন আমাকে অবহিত করা হবে।'

ব্রিফিং শেষ হওয়ার পরপরই আমরা ছুটলাম পররাষ্ট্র দফতরের বৈঠকের জন্যে। সেখানে আগে থেকেই তিন সদস্যের একটি প্রতিনিধিদল প্রস্তুত হয়েছিলেন আমাদের গ্রহণ করার জন্যে। কথা উঠল বাংলাদেশের সাম্প্রতিক মানবাধিকার পরিস্থিতি নিয়ে। দক্ষিণ এশিয়ার যেসব দেশে মানবাধিকার পরিস্থিতি খারাপ বাংলাদেশ তার অন্যতম। কথা উঠল জঙ্গিদের নিয়ে। ধর্মের নামে কিভাবে সন্ত্রাস চলছে। জঙ্গিরা ইসলাম ধর্মের খোলসে কি করছে তার খতিয়ান দিলেন। বললেন, 'বুশ প্রশাসন বাংলাদেশের উপর নজর রাখছে। বাংলাদেশকে আমরা একটি উদারপন্থী ধর্মনিরপেক্ষ গণতান্ত্রিক দেশ হিসেবে গণ্য করতে চাই। কারণ এসব নীতি বাংলাদেশের স্বাধীনতার অন্যতম স্লোগান ছিল। এই আদর্শ থেকে সরে গেলে তা বিশ্ববাসী ভাল চোখে দেখবে না।' আমরা বললাম, 'মার্কিন প্রশাসনের এই দৃষ্টিভঙ্গি আমরা বাংলাদেশে ফিরে গিয়ে যথাস্থানে অবহিত করব।' প্রায় ঘণ্টাব্যাপী বৈঠক শেষে আমরা ছুটলাম ডিপার্টমেন্ট অব কমার্সে। সেখানে দু'দেশের বাণিজ্য পরিস্থিতি নিয়ে কথা হল। তখন পর্যন্ত মার্কিন যুক্তরাষ্ট্র একক দেশ হিসেবে বাংলাদেশের জন্য সবচেয়ে বেশি রপ্তানিকারক দেশ। কাজেই বাংলাদেশের অর্থনীতিতে এর প্রভাব যথেষ্ট গুরুত্বপূর্ণ। অন্যদিকে যুক্তরাষ্ট্র থেকে বাংলাদেশের পণ্য আমদানির পরিমাণ অনেক কম। ভারত, চীন ও অন্যান্য দেশ থেকে বাংলাদেশের পণ্য আমদানির পরিমাণ অনেক বেশি। আমি হাত তুললাম এই বক্তব্য খণ্ডন করার জন্যে। বললাম, 'ভারত এবং চীন দুটোই বাংলাদেশের সীমান্তঘেঁষা দেশ। ফলে পরিবহন ব্যয় অনেক কম পড়ে। আর এই ব্যয় সরাসরি পণ্যের মূল্যের উপর বর্তায়। এই দুই দেশের তুলনায় মার্কিন যুক্তরাষ্ট্রের পণ্যমূল্য অনেক বেশি যা আমাদের নিম্ন আয়ের মানুষের ক্রয় ক্ষমতার বাইরে। এটাই প্রধান কারণ।' কর্মকর্তা বললেন, 'উৎকৃষ্ট পণ্য তো বেশি দামেই কিনতে হবে।' আমরা তাঁর কথায় একমত হয়ে বললাম, 'সাধারণ মানুষের ক্রয়ক্ষমতা কম বলে তারা মধ্যমানের পণ্য সংগ্রহ করতে বেশি আগ্রহী।' বৈঠক শেষে বেরিয়ে আসার মুখে এক মহিলার সঙ্গে পরিচয় হল। কৃষ্ণাঙ্গ। এই মন্ত্রণালয়ের একটি শীর্ষ পদ দখল করে আছেন।

আমার মনে পড়ে আমি যখন বাংলাদেশে ফিরে কালো-সাদার বৈষম্য নিয়ে কথা বলছিলাম তখন তিনি এর বিরোধিতা করে বলেছিলেন, যুক্তরাষ্ট্রে অনেক গুরুত্বপূর্ণ পদে কালো মানুষ অলংকৃত করে আছেন। কার্ল ফ্রেজের মেয়াদে বাংলাদেশে একজন রাষ্ট্রদূত নিয়োগ পেয়েছিলেন সম্ভবত তাঁর নাম ছিল হ্যারি কে টমাস জুনিয়র (Harry K. Thomas Jr.) এবং ২০১৪ থেকে ২০১৮ পর্যন্ত বাংলাদেশে মার্কিন রাষ্ট্রদূত ছিলেন মার্সিয়া বার্নিকাট (Marcia Bernicat). যুক্তরাষ্ট্রের ৪৪তম প্রেসিডেন্ট বারাক ওবামা ছিলেন একজন কৃষ্ণাঙ্গ।

ব্যস্ততার মধ্যদিয়ে যুক্তরাষ্ট্রে আমাদের প্রথম কর্মদিবস অতিবাহিত হল। প্রতিদিন সন্ধ্যায় হোটেলে ফিরে আসার পরপরই বেটি মুর বিদায় নেয়ার আগে পরের দিনের কর্মতালিকা আমাদের জানিয়ে দিতেন। সকাল আটটার মধ্যে প্রাতঃরাশ সেরে আমরা ৮-৩০ মিনিটের মধ্যে লবিতে এসে জড়ো হতাম। এরপর শুরু হত বিভিন্ন কর্মসূচি– কখনো দর্শনীয় স্থান পরিদর্শন, কখনো জাদুঘর কিংবা ঐতিহাসিক কোন নিদর্শন। আমাদের নিয়ে যাওয়া হল হোয়াইট হাউসে। হোয়াইট হাউসের বর্ণনা দিয়ে যাচ্ছিলেন তিনি। কোন কক্ষে কি আছে। প্রেসিডেন্ট কোথায় থাকেন, কোন ঘরে অফিস করেন ইত্যাদি খুঁটিয়ে খুঁটিয়ে বর্ণনা করেন সবুজ গালিচায় দাঁড়িয়ে দাঁড়িয়ে। হোয়াইট হাউসের কথা শুনে এবং ছবি বারবার দেখে আমরা ভুলেই গিয়েছিলাম যে, এই প্রথম আমরা হোয়াইট হাউস দেখছি। ওয়াশিংটনেই অবস্থিত যোদ্ধাদের স্মৃতিসৌধ। প্রধানত ভিয়েতনামে হাজার হাজার সৈনিক আত্মাহুতি দিয়েছেন বছরের পর বছর। শত শত স্মৃতিসৌধ। ভিন্ন স্থাপত্য কৌশলে এই স্মৃতিসৌধ। দুইপ্রান্ত থেকে দু'ভাবে। একপ্রান্তে ভূমিতে খুবই নিচু করে প্রায় ভূমিসংলগ্ন প্রথম স্মৃতিসৌধ। এভাবে ক্রমশ সামনের দিকে এগিয়ে গেছে ভারসাম্য রেখে কিছুটা উঁচুতে মাথা তুলে। এভাবে সর্বশেষ স্মৃতিসৌধ আকাশকে ছোঁয়ার ব্যর্থ চেষ্টায় দাঁড়িয়ে আছে নিস্তব্ধ ভঙ্গিতে। প্রত্যেকটি স্মৃতিসৌধে নিহত সৈনিকের নাম, পরিচয়, জন্ম এবং মৃত্যুর তারিখ খোদিত। কত মায়ের বুক, কত স্ত্রীর হৃদয় এবং প্রেমিকার গভীর ভালবাসার পৃথিবীকে শূন্য করে এই আত্মাহুতি। কেন এই যুদ্ধ? আমি নীরবে চোখ বন্ধ করে দাঁড়িয়ে থাকলাম। রুমির ভাষায় :

"Close your eyes, fall in love,
stay there.
Love in the soul's light."

বাংলা করলে এ রকম দাঁড়ায়:

"আঁখি আপনার বন্ধ করুন, প্রেমে ডুবে যান,
সেখানেই অবগাহন করুন।
ভালবাসা তো আত্মারই আলোকবর্তিকা।"

বেটি মুরের তাগাদায় আবেশ কেটে গেল। আমরা দ্রুত গাড়িতে উঠলাম।

(৪র্থ পর্বে বাকি অংশ চলমান)

সুদানে ৬ শান্তিরক্ষী নিহত

হামলার নেপথ্যে কারা



বাংলা পত্রিকা ডেস্ক: ছয় বাংলাদেশি শান্তিরক্ষী নিহতে সরকারবিরোধী আধা সামরিক র‍্যাপিড সাপোর্ট ফোর্সেসকে (আরএসএফ) দায়ী করেছে সুদানের সেনা সমর্থিত সরকার। শুধু এই হামলা কেন, সেখানে জাতিগত নিধনের অভিযোগ আছে এই বাহিনীর বিরুদ্ধে। সাম্প্রতিক হামলার পর থেকে একটি প্রশ্ন ঘুরপাক খাচ্ছে, আরএসএফ কারা? কেন তারা হামলা চালাচ্ছে?

এসব প্রশ্নের উত্তর খুঁজতে গিয়ে বিবিসির অনুসন্ধানে বেরিয়ে এসেছে দুই জেনারেলের দ্বন্দ্বের কথা। জেনারেল আবদেল ফাত্তাহ আল-বুরহান (সশস্ত্র বাহিনীর প্রধান) এবং জেনারেল মোহাম্মদ হামদান দাগালো বা হেমেদতি (আরএসএফ নেতা)। দুজনই ক্ষমতা ও প্রভাব ধরে রাখতে চেয়েছিলেন। তাদের দ্বন্দ্বে বেসামরিক শাসন প্রতিষ্ঠা অসম্ভব হয়ে ওঠে। আরএসএফের এক লাখ সদস্যকে সেনাবাহিনীতে অন্তর্ভুক্ত করা যায়নি।

শনিবার বার্তা সংস্থা এএফপি জানিয়েছে, সুদানের কোরদোফানের কাদুগলি এলাকায় জাতিসংঘের একটি ভবনে হামলায় বাংলাদেশি শান্তিরক্ষী হতাহতের ঘটনা ঘটে। এর আগে আলজাজিরার খবরে বলা হয়, আরএসএফ গত সপ্তাহে কোরদোফানের পাশে হেগলিগ তেলক্ষেত্র দখলে নিয়েছে। এখানে দিনে ৮০ হাজার থেকে এক লাখ ব্যারেল জ্বালানি তেল প্রক্রিয়াজাত করা হয়। এর আগে দারফুরের রাজধানী এল-ফাশের এবং পশ্চিম কোরদোফানের বাবনুসা আরএসএফের হাতে চলে গেছে।

ঘটনার শুরু ২০১৯ সালে। সে বছর প্রেসিডেন্ট ওমর আল-বশিরকে ক্ষমতাচ্যুত করা হয়। তিনি ১৯৮৯ সালে অভ্যুত্থানের মাধ্যমে ক্ষমতায় এসেছিলেন। অনেক প্রতিবাদের পর সেনাবাহিনী অভ্যুত্থান করে। এর পর থেকে উত্তেজনা চলছিল। নাগরিকরা গণতন্ত্র চাচ্ছিল। একটি সামরিক-বেসামরিক যৌথ সরকার প্রতিষ্ঠিত হয়। ২০২১ সালের অক্টোবরে ওই দুই জেনারেল আরেকটি অভ্যুত্থান ঘটান। এই দুই নেতাই বর্তমান সংঘাতের কেন্দ্রে। তারা বেসামরিক শাসন এবং আরএসএফকে সেনাবাহিনীতে অন্তর্ভুক্ত করার বিষয়ে একমত হতে পারেননি।

২০২৩ সালের ১৫ এপ্রিল দুই পক্ষের মধ্যে গোলাগুলি শুরু হয়। সেনাবাহিনী এটিকে হুমকি হিসেবে দেখার পর আরএসএফ দেশের বিভিন্ন স্থানে সদস্য মোতায়েন করে। আরএসএফ খার্তুমের একাংশ দখল করে। প্রায় দুই বছর পর ২০২৫ সালের মার্চে সেনাবাহিনী তা পুনরুদ্ধার করে।

সুদানের গৃহযুদ্ধ ও সংকট

২০২৩ সালের এপ্রিলে সুদানে গৃহযুদ্ধ শুরু হয়। সেনাবাহিনীর সঙ্গে শক্তিশালী আধা সামরিক গোষ্ঠী আরএসএফের সংঘাত চলে। এই সংঘাতের সময় দারফুর অঞ্চলে দুর্ভিক্ষ এবং গণহত্যার অভিযোগ ওঠে। সম্প্রতি আরএসএফ এল-ফাশের শহর দখল করায় সেখানকার বাসিন্দাদের জন্য নতুন করে আশঙ্কা তৈরি হয়েছে।

জাতিসংঘ এটিকে বিশ্বের বৃহত্তম মানবিক সংকট বলেছে। এই সংঘাতে দেশে দেড় লাখের বেশি মানুষ মারা গেছে। প্রায় এক কোটি ২০ লাখ মানুষ বাড়িঘর ছেড়ে পালিয়েছে।

আরএসএফের কুখ্যাতি

আরএসএফ ২০১৩ সালে গঠিত। এর উৎপত্তি কুখ্যাত জানজাবিদ মিলিশিয়া থেকে। তাদের বিরুদ্ধে দারফুরে গণহত্যা ও জাতিগত নির্মূলের অভিযোগ আছে।

আরএসএফ নেতা জেনারেল দাগালো শক্তিশালী বাহিনী গড়ে তুলেছেন। এই বাহিনী ইয়েমেন ও লিবিয়ার সংঘাতে হস্তক্ষেপ করেছে। তিনি সুদানের সোনার খনি নিয়ন্ত্রণ করেন। তাঁর বিরুদ্ধে সংযুক্ত আরব আমিরাতে স্বর্ণ পাচারের অভিযোগ আছে।

গত জুনে আরএসএফ লিবিয়া ও মিসরের সঙ্গে সুদানের সীমান্ত বরাবর অঞ্চলের নিয়ন্ত্রণ নেয়। অক্টোবর শেষে এল-ফাশের দখলের পর তারা দারফুরের প্রায় সব অংশ নিয়ন্ত্রণ করে। আরএসএফ একটি প্রতিদ্বন্দ্বী সরকার গঠনের পথে রয়েছে। এটি সম্ভব হলে সুদান দ্বিতীয়বারের মতো বিভক্ত হতে পারে।

সামরিক নিয়ন্ত্রণ ও ক্ষয়ক্ষতি

সামরিক বাহিনী বেশির ভাগ উত্তর এবং পূর্ব অঞ্চল নিয়ন্ত্রণ করে। এদের সমর্থন দিচ্ছে মিসর। জেনারেল বুরহান লোহিত সাগরের তীরে অবস্থিত পোর্ট সুদানকে তাঁর সদরদপ্তর বানিয়েছেন। আরএসএফ সেখানে ড্রোন হামলা করেছে।

সেনাবাহিনী খার্তুম পুনরুদ্ধার করলেও শহরটি ধ্বংসস্তূপে পরিণত হয়েছে। হাসপাতাল ও ক্লিনিকগুলো ধ্বংস হয়েছে। আন্তর্জাতিক বিমানবন্দর অক্টোবরে অভ্যন্তরীণ ফ্লাইটের জন্য আবার খোলা হয়। সেনাবাহিনী গুরুত্বপূর্ণ গেজিরা রাজ্যের প্রায় সব নিয়ন্ত্রণও ফিরে পেয়েছে।

গণহত্যা ও আন্তর্জাতিক প্রতিক্রিয়া

দারফুরের অনেক মানুষ বিশ্বাস করে, আরএসএফ জাতিগতভাবে মিশ্র অঞ্চলটিকে আরব-প্রধান অঞ্চলে রূপান্তর করতে যুদ্ধ চালাচ্ছে।

২০২৪ সালের মার্চে জাতিসংঘের শিশু তহবিল (ইউনিসেফ) শিশু ধর্ষণ ও যৌন নির্যাতনের ভয়াবহ বিবরণ দেয়। হিউম্যান রাইটস ওয়াচ (এইচআরডব্লিউ) এবং যুক্তরাষ্ট্র মনে করে, আরএসএফ গণহত্যা করেছে। যুক্তরাষ্ট্র জেনারেল দাগালোর ওপর নিষেধাজ্ঞা দিয়েছে। সংযুক্ত আরব আমিরাতের বিরুদ্ধে আরএসএফকে অর্থায়ন ও অস্ত্র সরবরাহের অভিযোগ আছে। আন্তর্জাতিক বিচার আদালত (আইসিজে) এই মামলা শুনতে অস্বীকার করেছে। আরএসএফ বিবিসির কাছে গণহত্যার অভিযোগ অস্বীকার করেছে।

শান্তি আলোচনার সব পর্ব ব্যর্থ হয়েছে। নভেম্বরের শুরুতে আরএসএফ একটি মানবিক যুদ্ধবিরতিতে রাজি হয়। কিন্তু সেনাবাহিনী আরএসএফকে যুদ্ধবিরতি না মানার জন্য অভিযুক্ত করে।

বিশ্ব খাদ্য কর্মসূচি (ডব্লিউএফপি) বলছে, দেশটির দুই কোটি ৪০ লাখের বেশি মানুষ খাদ্যের তীব্র নিরাপত্তাহীনতার মুখে আছে। মানবিক সাহায্য কমে যাওয়ায় এই সংঘাতকে বিস্মৃত যুদ্ধ বলা হচ্ছে। নিষেধাজ্ঞা সত্ত্বেও অস্ত্র পাচার হচ্ছে সংযুক্ত আরব আমিরাত, চীন, রাশিয়া, ইরানসহ বিভিন্ন দেশ থেকে।

অর্ধেকের বেশি খেলাপি ঋণ ১৭ ব্যাংকে

ওবায়দুল্লাহ রনি : বাংলাদেশ ব্যাংকের সর্বশেষ হিসাবে গত সেপ্টেম্বর শেষে ব্যাংকগুলোর মোট ঋণের প্রায় ৩৬ শতাংশ খেলাপিতে পরিণত হয়েছে। তবে ১৭টি ব্যাংকের খেলাপি ঋণ ৫০ শতাংশের ওপরে। ৯০ শতাংশের বেশি খেলাপি রয়েছে ছয়টি ব্যাংকে। উচ্চ খেলাপির কোনো কোনো ব্যাংক আমানতকারীর টাকা যথাসময়ে ফেরত দিতে পারছে না।

বাংলাদেশ ব্যাংকের তথ্য অনুযায়ী গত সেপ্টেম্বর পর্যন্ত ব্যাংক খাতের মোট ঋণস্থিতি ১৮ লাখ তিন হাজার ৮৪০ কোটি টাকা। এর মধ্যে খেলাপিতে পরিণত হয়েছে ছয় লাখ ৪৪ হাজার ৫১৫ কোটি টাকা। গত বছরের সেপ্টেম্বর খেলাপি ঋণের পরিমাণ ছিল দুই লাখ ৮৪ হাজার ৯৭৭ কোটি টাকা। মোট ঋণের যা ছিল ১৬ দশমিক ৯৩ শতাংশ। সে বিবেচনায় এক বছরে খেলাপি ঋণ বেড়েছে দ্বিগুণের বেশি।

ব্যাংকাররা বলছেন, উচ্চ খেলাপির এ সময়েও অনেক ব্যাংক তুলনামূলক ভালো অবস্থানে রয়েছে। গত সেপ্টেম্বর শেষে ৬১টি ব্যাংকের মধ্যে ২৩টির খেলাপি ঋণ ১০ শতাংশের নিচে রয়েছে। ১০ শতাংশের বেশি তবে ২০ শতাংশের নিচে রয়েছে ১৩ ব্যাংকের খেলাপি। ২০ শতাংশের বেশি এবং ৫০ শতাংশের নিচে রয়েছে ৮টি ব্যাংকের। তবে ১৭ ব্যাংকের খেলাপি ঋণ ৫০ শতাংশের বেশি।

সংশ্লিষ্টরা জানান, গত আওয়ামী লীগ সরকারের সময়ে ঋণের নামে বিপুল অর্থ বের করা হয়েছে। বেশির ভাগ ক্ষেত্রে যা বিদেশে পাচার হয়েছে। বেশ আগেই এসব ঋণখেলাপি হলেও নানা উপায়ে নিয়মিত দেখানো হয়েছিল। আবার বিভিন্ন নীতি সহায়তার আড়ালে খেলাপি কম দেখানো হয়। গত সরকারের পতনের পর থেকে সেই সুযোগ বন্ধ হয়েছে। ফলে খেলাপি ঋণ দ্রুত বাড়ছে।

খেলাপি ঋণের চিত্র শতাংশে

ব্যাংক	খেলাপি ঋণের হার (%)	ব্যাংক	খেলাপি ঋণের হার (%)
এনবিপি	৯৯.৮৪	বাংলাদেশ কমার্স	৭১.১১
ইউনিয়ন	৯৬.৬৪	বেসিক	৭০.৫৯
ফার্স্ট সিকিউরিটি	৯৬.২০	এসআইবিএল	৭০.১৭
গ্লোবাল ইসলামী	৯৫.৭০	আইএফআইসি	৬০.৬৩
পদ্মা	৯৪.১৭	ইসলামী ব্যাংক	৫৮.২৪
আইসিবি ইসলামিক	৯১.৩৮	এক্সিম	৫৬.৮৬
এবি	৮৪.০৪	বিডিবিএল	৫২.৪৬
এনবিএল	৭৫.৪৬	রূপালী	৫১.১৯
জনতা	৭৩.১৮		

তথ্যসূত্র : বাংলাদেশ ব্যাংক

খেলাপি হওয়া ব্যাংকের তালিকায় রয়েছে ছয়টি ব্যাংক। এর মধ্যে সবচেয়ে খারাপ অবস্থায় রয়েছে বিদেশি মালিকানার ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান। ব্যাংকটির এক হাজার ৩৭০ কোটি টাকা বা ৯৯ দশমিক ৮৪ শতাংশ খেলাপিতে পরিণত হয়েছে। ইউনিয়ন ব্যাংকের খেলাপি ২৭ হাজার ১১৩ কোটি টাকা, যা ব্যাংকটির মোট ঋণের ৯৬ দশমিক ৬৪ শতাংশ। ফার্স্ট সিকিউরিটি ইসলামী ব্যাংকের ৫৯ হাজার ৯৮৮ কোটি টাকা বা ৯৬ দশমিক ২০ শতাংশ খেলাপি। গ্লোবাল ইসলামী ব্যাংকের ১৪ হাজার ১৪ কোটি টাকা বা ৯৫ দশমিক ৭০ শতাংশ ঋণ এখন খেলাপি। পদ্মা ব্যাংকের পাঁচ হাজার ২২৯ কোটি টাকা বা ৯৪ দশমিক ১৭ এবং আইসিবি ইসলামী ব্যাংকের ৬৩১ কোটি টাকা বা ৯১ দশমিক ৩৮ শতাংশ ঋণ খেলাপিতে পরিণত হয়েছে।

বেসরকারি খাতের ব্যাংকগুলোর মধ্যে খেলাপি ঋণের শীর্ষে রয়েছে এবি ব্যাংক। ব্যাংকটির ৩০ হাজার ১৩৬ কোটি বা ৮৪ দশমিক শূন্য ৪ শতাংশ ঋণ এখন খেলাপি। ন্যাশনাল ব্যাংকের ৩২ হাজার ৪০ কোটি বা ৭৫ দশমিক ৪৬ শতাংশ খেলাপি। বাংলাদেশ কমার্স ব্যাংকের এক হাজার ৬৫৮ কোটি বা ৭১ দশমিক ১১ শতাংশ খেলাপি। সোশ্যাল ইসলামী ব্যাংকের ২৭ হাজার ৩০৮ কোটি টাকা বা ৭০ দশমিক ১৭ শতাংশ খেলাপি। আইএফআইসি ব্যাংকের ২৭ হাজার ৫৫ কোটি বা ৬০ দশমিক ৬৩ শতাংশ। এক্সিম ব্যাংকের ৩০ হাজার ৭১০ কোটি টাকা বা ৫৬ দশমিক ৮৬ শতাংশ খেলাপিতে পরিণত হয়েছে। এ ছাড়া ইসলামী ব্যাংক বাংলাদেশের এক লাখ ছয় হাজার ২৭৫ কোটি বা ৫৮ দশমিক ২৪ শতাংশ খেলাপি।

রাষ্ট্রীয় মালিকানার ব্যাংকগুলোর মধ্যে খেলাপি ঋণের শীর্ষে রয়েছে জনতা ব্যাংক। গত সেপ্টেম্বর শেষে ব্যাংকটির ৭০ হাজার ৬৭১ কোটি টাকা বা ৭৩ দশমিক ১৮ শতাংশ খেলাপি। বেসিক ব্যাংকের খেলাপির হার ৭০ দশমিক ৫৯ শতাংশ। বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংকে ৫২ দশমিক ৪৬ শতাংশ এবং আর রূপালী ব্যাংকের মোট ঋণের ৫১ দশমিক ১৯ শতাংশ খেলাপি।

খারাপ অবস্থায় পড়া এসব ব্যাংকের মধ্যে প্রাথমিকভাবে শরিয়াহ ভিত্তিক পাঁচটি ব্যাংক একীভূত করে সম্মিলিত ইসলামী ব্যাংক প্রতিষ্ঠার উদ্যোগ নিয়েছে কেন্দ্রীয় ব্যাংক। ব্যাংকগুলো হলো এক্সিম, ফার্স্ট সিকিউরিটি ইসলামী, সোশ্যাল ইসলামী, গ্লোবাল ইসলামী ও ইউনিয়ন ব্যাংক।



মিয়া ট্রেটা ও জোয়ে ওয়েইসম্যান। ছবি: সংগৃহীত

ব্রাউন বিশ্ববিদ্যালয়ে বেঁচে ফেরা ২ শিক্ষার্থী বেঁচেছিলেন স্কুল জীবনেও

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের অন্যতম মর্যাদাপূর্ণ শিক্ষাপ্রতিষ্ঠান ব্রাউন বিশ্ববিদ্যালয়ে শনিবার (১৩ ডিসেম্বর) ভয়াবহ বন্দুক হামলার ঘটনায় দুজন নিহত এবং অন্তত ৯ জন আহত হয়েছেন। ফাইনাল পরীক্ষার সময় সংঘটিত এই হামলায় পুরো ক্যাম্পাসজুড়ে আতঙ্ক ছড়িয়ে পড়ে। আত্মরক্ষার জন্য অনেক শিক্ষার্থী ডেস্কের নিচে লুকিয়ে পড়েছিলেন। তবে ভয়াবহ এই অভিজ্ঞতা অন্তত দুই শিক্ষার্থীর কাছে নতুন কিছু ছিল না। এর আগেও তাঁরা স্কুল জীবনে এই ধরনের গোলাগুলির মুখে পড়ে প্রাণে বেঁচেছিলেন।

রোববার (১৪ ডিসেম্বর) যুক্তরাজ্য-ভিত্তিক সংবাদমাধ্যম গার্ডিয়ান জানিয়েছে, ২১ বছর বয়সী মিয়া ট্রেটা এবং ২০ বছর বয়সী জোয়ে ওয়েইসম্যান–দুজনেই অতীতে ভিন্ন ভিন্ন স্কুলে বন্দুক হামলার শিকার হয়েছিলেন। নিউইয়র্ক টাইমসকে দেওয়া এক সাক্ষাৎকারে ওয়েইসম্যান বলেন, 'আমার সবচেয়ে বেশি যে অনুভূতিটা হচ্ছে তা হলো–এই দেশ কীভাবে আমাকে দ্বিতীয়বারের মতো এমন কিছুর মুখোমুখি হতে দিল?'

শনিবার কালো পোশাক পরা এক বন্দুকধারী ব্রাউন বিশ্ববিদ্যালয়ের একটি ভবনে গুলি চালানো শুরু করলে ক্যাম্পাসে তীব্র আতঙ্ক ছড়িয়ে পড়ে। সন্দেহভাজন হামলাকারী দীর্ঘ সময় ধরাছোঁয়ার বাইরে থাকায় শত শত পুলিশ রাতভর ক্যাম্পাস ও আশপাশের এলাকায় তল্লাশি চালায়।

৩৬ বাংলাদেশিকে নাগরিকত্ব দিল ভারত

বাংলা পত্রিকা ডেস্ক: ভারতের নাগরিকত্ব সংশোধনী আইন (সিএএ)-এর আওতায় মোট ৩৬ জন বাংলাদেশিকে ভারতীয় নাগরিকত্ব দেওয়া হয়েছে। এর মধ্যে ওড়িশা রাজ্যে ৩৫ জন এবং উত্তর-পূর্বাঞ্চলীয় আসাম রাজ্যে একজন বাংলাদেশি নাগরিকত্ব লাভ করেছেন।

ওড়িশা রাজ্য সরকারের উদ্যোগে আয়োজিত এক অনুষ্ঠানে নতুন নাগরিকদের হাতে সনদ তুলে দেওয়া হয়। এ সময় মুখ্যমন্ত্রী মোহন চরণ মাঝি বলেন, সিএএ আইন নির্যাতিত সংখ্যালঘুদের জন্য নিরাপত্তা ও আশ্রয়ের প্রতীক।

সংবাদমাধ্যম দ্য হিন্দু জানায়, ২০১৯ সালে প্রণীত সিএএ অনুযায়ী বাংলাদেশ থেকে ভারতে আসা ৩৫ জন অভিবাসীকে গত বৃহস্পতিবার (১১ ডিসেম্বর) নাগরিকত্বের সনদ দেওয়া হয়। এর ফলে ওড়িশায় এই আইনের আওতায় নাগরিকত্ব পাওয়া মানুষের সংখ্যা বেড়ে দাঁড়াল ৫১ জনে। বর্তমানে রাজ্যটিতে আরও প্রায় ১ হাজার ১০০টি আবেদন যাচাই-বাছাইয়ের পর্যায়ে রয়েছে।

ওড়িশার জনশুমারি দপ্তরের তথ্যমতে, সদ্য নাগরিকত্ব পাওয়া ৩৫ জনই হিন্দু ধর্মাবলম্বী। ২০২৪ সালের ১১ মার্চ থেকে কার্যকর হওয়া বিধি অনুযায়ী, বাংলাদেশ, পাকিস্তান ও আফগানিস্তান থেকে ধর্মীয় নিপীড়নের শিকার হয়ে ২০১৪ সালের ৩১ ডিসেম্বরের আগে ভারতে প্রবেশ করা অমুসলিমরা ভারতীয় নাগরিকত্বের জন্য আবেদন করতে পারেন। এই নিয়ম অনুসারেই ওড়িশায় নতুন করে তাদের নাগরিকত্ব দেওয়া হয়েছে।

অন্যদিকে, একই আইনের আওতায় আসামে প্রথমবারের মতো এক বাংলাদেশি নারী ভারতীয় নাগরিকত্ব অর্জন করেছেন। শ্রীভূমি জেলার বাসিন্দা ওই ৪০ বছর বয়সী নারী ২০০৭ সালে বাংলাদেশ থেকে ভারতে আসেন।



শিলচরের সাবেক ফরেনার্স ট্রাইব্যুনালের সদস্য ও আইনজীবী ধর্মানন্দ দেব জানান, চিকিৎসার প্রয়োজনে শিলচর মেডিকেল কলেজ হাসপাতালে আসার সময় তার সঙ্গে স্থানীয় এক যুবকের পরিচয় হয় এবং পরে তাদের বিয়ে হয়। এরপর তিনি ভারতেই বসবাস শুরু করেন এবং তাদের একটি সন্তানও রয়েছে।

যদিও ওই নারীর পরিবার এখনও বাংলাদেশের চট্টগ্রামে থাকে, তিনি দীর্ঘদিন ধরেই ভারতীয় নাগরিকত্ব পাওয়ার আগ্রহ প্রকাশ করে আসছিলেন। সিএএর বিধি কার্যকর হওয়ার পর তিনি নাগরিকত্বের জন্য আবেদন করেন।

ধর্মানন্দ দেব আরও জানান, নাগরিকত্ব আইন, ১৯৫৫-এর ৫(১)(সি) ও ৬বি ধারার অধীনে নিবন্ধন প্রক্রিয়ার মাধ্যমে তাকে নাগরিকত্ব দেওয়া হয়েছে। এই ধারায় বলা হয়েছে, কোনো ব্যক্তি যদি ভারতীয় নাগরিককে বিয়ে করেন এবং টানা সাত বছর ভারতে বসবাস করেন, তবে তিনি নিবন্ধনের মাধ্যমে ভারতীয় নাগরিকত্ব লাভ করতে পারেন।

নিউইয়র্কে ঢাবি এলামনাই এসোসিয়েশন ইউএসএ'র মিলনমেলা





নিউইয়র্ক : 'এসো মিলি প্রাণের টানে' শ্লোগানে 'প্রাচ্যের অক্সফোর্ড' বলে খ্যাত ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র-ছাত্রীদের সংগঠন ঢাকা বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন অব ইউএসএ ইনকের বার্ষিক নৈশভোজ অনুষ্ঠিত হল গত ৬ ডিসেম্বর শনিবার। নিউইয়র্ক সিটির উডসাইডের অভিজাত ব্যাংকুয়েট গুলশান ট্যারেস পার্টি হলে আয়োজিত জমজমাট এই নৈশভোজের অনুষ্ঠানমালার মধ্যে ছিলো ঢাবি'র প্রাক্তন ছাত্র-ছাত্রীদের স্মৃতিচারণ, অতিথিদের শুভেচ্ছা বক্তব্য ও সাংস্কৃতিক অনুষ্ঠান। আরো ছিলো বিশ্ববিদ্যালয় জীবনের ব্যক্তিগত স্মৃতিচারণ। অনুষ্ঠানে বিপুল সংখ্যক এলামনাই ও তাদের পরিবারের সদস্যদের উপস্থিতির ফলে নৈশভোজটি তাদের মিলনমেলায় পরিণত হয়।

ব্যতিক্রমী নৈশভোজ অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন সংগঠনের সভাপতি এম.এস আলম ও উদযাপন কমিটির সদস্য সচিব ইউসুফ আলী। এরপর উদ্বোধনী বক্তব্য রাখেন উদযাপন কমিটির আহবায়ক এ. কে আজাদ তালুকদার। পরবর্তীতে এসোসিয়েশনের নিজস্ব শিল্পীরা দলীয়ভাবে যুক্তরাষ্ট্র ও বাংলাদেশের জাতীয় সঙ্গীত সঙ্গীত পরিবেশন করেন। এরপর শহীদ বুদ্ধিজীবীসহ দেশের সকল শহীদদের স্মরণে এক মিনিট নীরবতা পালন করা হয়। সঞ্চালনায় ছিলেন সংগঠনের সাধারণ সম্পাদক রহুল আমিন সরকার।

অনুষ্ঠানের মুল পর্ব ঢাবি'র প্রাক্তন ছাত্র-ছাত্রীদের স্মৃতিচারণে অংশ নেন দেশের প্রাক্তন জাতীয় ক্রীড়াবীদ ও সাপ্তাহিক ঠিকানা'র সাবেক সিইও সাঈদ-উর বর, নাসির আলী খান পল, এডভোকেট মজিবর রহমান, গোলাম মওলা মানিক, ডা. চৌধুরী সারোয়ারুল হাসান, মোর্শেদ আলম, আব্দুল আওয়াল সিদ্দিকী, আজিজুল হক মুন্না, সাংবাদিক মোহাম্মদ আবুল কাশেম, ড. আলমাছুর রহমান, সাইদুল বাকিন, শাহেরা খাতুন, মাসুদুল ইসলাম, সানজিদা খবির প্রমুখ।

অনুষ্ঠানে বক্তারা বলেন, ৫২'র ভাষা আন্দোলন আর ৭১'-এর মহান মুক্তিযুদ্ধ থেকে শুরু করে দেশের সকল গণতান্ত্রিক আন্দোলনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের অবদান অপরিসীম। তাই এই বিশ্ববিদ্যালয় নিয়ে আমরা গর্বিত, দেশ, জাতি গর্বিত।

বক্তারা বিশ্ববিদ্যালয় জীবনের নানা স্মৃতি তুলে ধরার পাশাপাশি ঢাবি এলামনাই এসোসিয়েশনকে আরো শক্তিশালী করতে যুক্তরাষ্ট্র প্রবাসী সকল এলামানাইদের ঐক্যের উপর গুরুত্বারোপ করেন। পাশাপাশি তারা প্রয়োজনে ঢাকা বিশ্ববিদ্যালয়ের যেকোন প্রয়োজনে সহযোগিতার আশ্বাস দেন। এছাড়াও কর্মকর্তারা আগামী দিনে ব্যাপক আয়োজনে কনভেনশন করার প্রত্যাশা ব্যক্ত এবং সবার সার্বিক সহযোগিতা কামনা করেন।

অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন ইউএস সুপ্রিম কোর্টের এটর্নি এট ল মঈন চৌধুরী, বাংলাদেশ সোসাইটির সভাপতি আতাউর রহমান সেলিম, সিনিয়র সহসভাপতি মহিউদ্দিন দেওয়ান, সাধারণ সম্পাদক মোহাম্মদ আলী, কোষাধ্যক্ষ মফিজুল ইসলাম ভূঁইয়া রুমি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশনের সভাপতি সাবিনা শারমিন ও সাধারণ সম্পাদক মীর কাদের রাশেল, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশনের সভাপতি শামীম আরা বেগম ও সাধারণ সম্পাদক তামান্না শবনম পাপড়ি এবং শেরে বাংলা কৃষি বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশনের সভাপতি সৈয়দ মিজানুর রহমান।



অতিথি বক্তারা ঢাবি এলামনাই এসোসিয়েশনের কর্মকান্ডের প্রশংসা কওে বলে ঢাকা বিশ্ববিদ্যালয় আমাদের দেশের গর্ব। বক্তারা দলমতের উর্ধ্বে সবার আগে দেশকে ভালোবাসার উপর গুরুত্বারোপ করেন।

সংগঠনের সাবেক সাধারণ সম্পাদক গোলাম মোস্তফা ও সাংস্কৃতিক সম্পাদিকা শামসুন নাহার নূপুর চৌধুরীর সঞ্চালনয় আকর্ষণীয় সাংস্কৃতিক পর্বে দেশের গান পরিবেশন করেন সংগঠনের সদস্য বর্গের ছেলে-মেয়েরা ও নতুন প্রজন্মের শিশু শিল্পীরা। এই পর্বে অংশগ্রহণ করেন ফাতেমা খান, চিত্রা রোজারিও, রওশন আরা কাজল, সানজিদা খবির, সিফাত আলম, সুশীল সিনহা, কাজী হক, মোহাম্মাদ শানু, পারিজাত দাশ, লিয়ানা মানহা, এরিনা মানহা, রোদেলা হক, মৃদুলা হক ও শৌভিত চৌধুরী প্রমুখ। অনুষ্ঠানে কবিতা আবৃত্তি করেন গোলাম মোস্তফা, আজিজুল হক মুন্না, দেওয়ান প্রীতি ও গোলাম ফারুক খান। অতিথি শিল্পী হিসেবে সঙ্গীত পরিবেশন করেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্রী, ক্লোজআপ ওয়ান তারকা ও প্রবাসের অত্যন্ত জনপ্রিয় সঙ্গীত শিল্পী কৃষ্ণা তিথি। শিল্পীদের পরিবেশনা উপস্থিত সকলকে মুগ্ধ করে। বিশেষ করে নতুন প্রজন্মের শিশু-কিশোরদের পরিবেশনা সকলে দৃষ্টি কাড়ে।

নৈশভোজের মধ্যদিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে। আর অনুষ্ঠানটি সফল করার জন্য সংগঠনের সভাপতি এম এস আলম সকল এলামনাই সহ সংগঠনের সকল কর্মকর্তা এবং অনুষ্ঠানে আগত সবাইকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।

দীর্ঘ অপেক্ষার পর শেষ মুহূর্তে বাতিল

প্রথম পৃষ্ঠার পর

অপেক্ষা করছিলেন। সব যাচাই ও পরীক্ষায় উত্তীর্ণ হয়ে ৩ ডিসেম্বর তার শপথ গ্রহণের কথা ছিল। তবে অনুষ্ঠানের দুই দিন আগে কোনো ব্যাখ্যা ছাড়াই তা বাতিল করা হয়।

বিবিসিকে সানাম বলেন, জন্মস্থানের কারণেই তার নাগরিকত্বের অনুষ্ঠান বাতিল করা হয়েছে বলে পরে তিনি জানতে পারেন। তিনি বলেন, দীর্ঘ প্রক্রিয়ার পর শেষ মুহূর্তে এমন সিদ্ধান্ত মানসিকভাবে ভেঙে দিয়েছে তাকে।

সানামের মতো বহু বৈধ স্থায়ী বাসিন্দা নাগরিকত্বের সব ধাপ শেষ করেও এখন অনিশ্চয়তায় রয়েছেন। তাদের অনেকেই পরিবার নিয়ে ভবিষ্যৎ পরিকল্পনা করতে পারছেন না। সানাম বলেন, সরকারের সিদ্ধান্তের ওপর তাদের জীবন এখন পুরোপুরি নির্ভরশীল হয়ে পড়েছে।

এই সিদ্ধান্তের ফলে অনেক অভিবাসী যুক্তরাষ্ট্রে থাকার বিষয়টি নতুন করে ভাবতে বাধ্য হচ্ছেন। সানামের পরিবার এখনও ইরানে রয়েছে। তিনি জানেন না কবে আবার বাবা মায়ের সঙ্গে দেখা হবে।

২৬ নভেম্বর ওয়াশিংটন ডিসিতে এক আফগান নাগরিকের গুলিতে ন্যাশনাল গার্ডের এক সদস্য নিহত ও আরেকজন গুরুতর আহত হওয়ার ঘটনার পর ট্রাম্প প্রশাসন অভিবাসন নীতিতে কড়াকড়ি আরোপ করে। এর অংশ হিসেবে নাগরিকত্বের শপথ অনুষ্ঠান বাতিল করা ছাড়াও অভিবাসন প্রক্রিয়া স্থগিত করা হয়।

এ ছাড়া আরও ৫০০ ন্যাশনাল গার্ড সদস্য মোতায়েন করা হয়, কাজের ভিসার মেয়াদ কমানো হয় এবং সব ধরনের আশ্রয় আবেদন সাময়িকভাবে স্থগিত করা হয়।

যুক্তরাষ্ট্রের নাগরিকত্ব ও অভিবাসন পরিষেবা জানিয়েছে, জাতীয় নিরাপত্তা ও জননিরাপত্তা নিশ্চিত করতেই এসব পদক্ষেপ নেওয়া হয়েছে।

তবে নিউইয়র্ক ইমিগ্রেশন কোয়ালিশনের নীতিবিষয়ক ভাইস প্রেসিডেন্ট মারিও ব্রুজোনে বলেন, এই সিদ্ধান্ত অভিবাসীদের জন্য কার্যত নিষেধাজ্ঞার শামিল। তিনি বলেন, যাদের অধিকাংশই বহু বছর ধরে কঠোর নিরাপত্তা ও স্বাস্থ্য যাচাইয়ের মধ্য দিয়ে এসেছেন।

ভেনেজুয়েলার নাগরিক হোর্হে ছদ্মনামেও একই অভিজ্ঞতার কথা জানান। নাগরিকত্বের শপথের এক দিন আগে তার অনুষ্ঠান বাতিল করা হয়। তিনি বলেন, নিয়ম মেনে চলা এবং কোনো অপরাধে জড়িত না থাকা সত্ত্বেও তাদের একইভাবে সন্দেহের চোখে দেখা হচ্ছে।

নিউইয়র্ক ইমিগ্রেশন কোয়ালিশনের তথ্য অনুযায়ী, ২০২৩ সালে শুধু নিউইয়র্ক রাজ্যেই প্রায় এক লাখ বত্রিশ হাজার ভেনেজুয়েলান বংশোদ্ভূত মানুষ বসবাস করতেন।

অভিবাসন বিশেষজ্ঞদের মতে, হঠাৎ করে নেওয়া এসব সিদ্ধান্তে হাজারো পরিবার অনিশ্চিত ভবিষ্যতের মুখে পড়েছে। নাগরিকত্বের অপেক্ষায় থাকা মানুষেরা এখন কেবল সরকারের পরবর্তী সিদ্ধান্তের দিকেই তাকিয়ে আছেন।

স্বাস্থ্যবিমা হারাতে পারেন কোটি আমেরিকান

প্রথম পৃষ্ঠার পর

১৫ হাজার ডলার। দম্পতির আশঙ্কা, হঠাৎ বড় কোনো চিকিৎসা প্রয়োজন হলে দেউলিয়া হয়ে যাওয়ার ঝুঁকি তৈরি হবে। মিশিগানের গ্র্যান্ড র‍্যাপিডস শহরের ডেভ রুফ ও তার পরিবার ২০১৪ সাল থেকে এসিএ বিমার আওতায়। এতদিন মাসে প্রায় ৫০০ ডলার দিয়ে তারা চারজনের বিমা চালিয়েছেন। ভর্তুকি শেষ হলে সেই খরচ বেড়ে কমপক্ষে ৭০০ ডলার হবে, সঙ্গে বাড়বে ডিডাক্টিবল ও নিজের পকেট থেকে দেওয়া খরচ। বছরে প্রায় ৭৫ হাজার ডলার আয়ের এই পরিবার সিদ্ধান্ত নিয়েছে ২০২৬ সালে তারা বিমা ছাড়াই চলবে, ওষুধ ও চিকিৎসার খরচ নগদে দেবে।

রুফ বলছেন, "যেটা পরিশোধ করার সামর্থ্য নেই, সেটা আমরা দিতে পারি না।"

নেভাদার হেন্ডারসনের সিঙ্গেল মাদার ক্যাটেলিন প্রোভোস্টের অবস্থাও একই রকম সংকটের। সামাজিক কর্মী হিসেবে কাজ করা এই ৩৭ বছর বয়সী মায়ের বিমার মাসিক প্রিমিয়াম ৮৫ ডলার থেকে লাফ দিয়ে প্রায় ৭৫০ ডলারে উঠছে। তিনি জানিয়েছেন, জানুয়ারি মাসের জন্য বাড়তি খরচ মেনে নেবেন, এরপর কংগ্রেস কী সিদ্ধান্ত নেয় তা দেখে পরবর্তী পদক্ষেপ ঠিক করবেন। প্রয়োজনে নিজের বিমা বাদ দিয়ে কেবল সন্তানের বিমা রাখবেন। ইতোমধ্যে এর প্রভাব পড়ছে পারিবারিক বাজেটে বড়দিনের খরচও কমাতে হচ্ছে।

স্বাস্থ্য অধিকারকর্মীরা বলছেন, কেউ কেউ আগামী বছর বিমা ছাড়াই থাকার কথা ভাবছেন, আবার অনেকে কম দামের কিন্তু কম সুবিধার প্ল্যানে নামবেন যার ফলে ভবিষ্যতে বড় চিকিৎসা খরচ ও ঋণের ঝুঁকি বাড়বে।

কংগ্রেশনাল বাজেট অফিসের ধারণা, বাড়তি প্রিমিয়ামের কারণে মধ্যবিত্ত ও নিম্ন আয়ের প্রায় ৪০ লাখ মানুষ স্বাস্থ্যবিমা ছেড়ে দিতে পারেন।

কোভিড মহামারির ধাক্কায় সাধারণ মানুষের বিমার খরচ কমাতে ২০২১ সালে ভর্তুকি চালু হয়েছিল। পরে সাবেক প্রেসিডেন্ট বাইডেন প্রশাসনের সময় 'ইনফ্লেশন রিডাকশন অ্যাক্ট'-এর মাধ্যমে তা বাড়ানো হয়।

বিশেষজ্ঞরা মনে করছেন এর প্রভাব শুধু এ সি এ গ্রাহকদের মধ্যেই সীমাবদ্ধ থাকবে না। বরং বিমাহীন মানুষের সংখ্যা বাড়লে হাসপাতালের জরুরি বিভাগগুলোতে চাপ বাড়তে পারে।

৬টি বোয়িং বিমান

প্রথম পৃষ্ঠার পর

এছাড়া ২৭৯ মিলিয়ন ডলার বাজেট সাশ্রয় হবে বলে দাবি করছে ডিএইচএস।

অভিবাসন ও ডিপোর্টেশন কার্যক্রম নিয়মিত ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে পরিচালিত করার লক্ষ্যেই এই উদ্যোগ ট্রাম্প প্রশাসন নিয়েছে বলে ধারণা বিশ্লেষকদের।

তবে কবে এসব বিমান যোগ হবে ডিএইচএস এর বহরে ও বিমান পরিচালনা, নিরাপত্তা, ফ্লাইট ক্রু ও গন্তব্য সংক্রান্ত বিস্তারিত তথ্য এখনও প্রকাশিত হয়নি।

ফুটবল বিশ্বকাপে টিকিটের দাম আকাশছোঁয়া

ক্রীড়া ডেস্ক : ২০২৬ বিশ্বকাপ টিকিটের হালনাগাদকৃত দাম প্রকাশ করা হয় গত বৃহস্পতিবার। টিকিটের দাম দেখে ফিফার বিরুদ্ধে 'বিরাট বিশ্বাসঘাতকতা'র অভিযোগ তুলেছেন ফুটবলপ্রেমীরা।



বার্তা সংস্থা অ্যাসোসিয়েটেড প্রেস (এপি) জানিয়েছে, ফুটবলের নিয়ন্ত্রক এই সংস্থা বিভিন্ন দেশের জাতীয় ফুটবল অ্যাসোসিয়েশনগুলোকে মোট টিকিটের ৮ শতাংশ বরাদ্দ দেয়। এসব অ্যাসোসিয়েশন যেন তাদের সবচেয়ে বিশ্বস্ত সমর্থকদের কাছে এসব টিকিট বিক্রি করতে পারে সেজন্যই এই ব্যবস্থা।

জার্মান ফুটবল অ্যাসোসিয়েশন কর্তৃক প্রকাশিত ২০২৬ বিশ্বকাপের টিকিটের দামের তালিকায় দেখা গেছে, গ্রুপ পর্বে বিভিন্ন ম্যাচের টিকিটের দাম ১৮০ (২১ হাজার ৯৫৫ টাকা) থেকে ৭০০ ডলারের (৮৫ হাজার ৩৮৪ টাকা) মধ্যে। বিশ্বকাপ ফাইনালে সবচেয়ে সস্তা টিকিটের দাম ৪ হাজার ১৮৫ ডলার (বাংলাদেশি মুদ্রায় ৫ লাখ ১০ হাজার টাকা)। সবচেয়ে দামি টিকিটের মূল্য ৮ হাজার ৬৮০ ডলার (বাংলাদেশি মুদ্রায় ১০ লাখ ৫৮ হাজার ৭৬৪ টাকা)।

বিবিসি জানায়, 'ফুটবল সাপোর্টার্স ইউরোপ' সমর্থকগোষ্ঠী বলেছে তারা ফিফার 'অত্যধিক দাম'এর নীতি দেখে 'বিস্মিত' এবং টিকিট বিক্রি 'তাৎক্ষণিকভাবে বন্ধ' রাখার আহ্বান জানিয়েছে। ইংল্যান্ডের ফুটবল সাপোর্টার্স অ্যাসোসিয়েশন প্রতিক্রিয়ায় বলেছে, এই অত্যধিক দাম সমর্থকদের 'মুখে চড় মারা'র সমান। অতিরিক্ত দামের এই অভিযোগের বিষয়ে ফিফা এখনো পর্যন্ত কোনো মন্তব্য করেনি বলে জানিয়েছে বিবিসি।

যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকোয় আগামী ১১ জুন থেকে শুরু হবে বিশ্বকাপ। ১৯ জুলাই নিউইয়র্কের মেটলাইফ স্টেডিয়ামে অনুষ্ঠিত হবে ফাইনাল। বিবিসি স্পোর্ট জানিয়েছে, ফাইনালের টিকিট তিন স্তরের–সাপোর্টার ভ্যালু টায়ার: ৪ হাজার ১৮৫ ডলার (৫ লাখ ১০ হাজার টাকা), সাপোর্টার স্ট্যান্ডার্ড টায়ার: ৫ হাজার ৫৬০ ডলার (৬ লাখ ৭৮ হাজার ১৯৪ টাকা), সাপোর্টার প্রিমিয়ার টায়ার: ৮ হাজার ৬৮০ ডলার (১০ লাখ ৫৮ হাজার ৭৬৪ টাকা)।

এপি জানিয়েছে, গ্রুপ পর্বের টিকিটগুলোর এই দামের সঙ্গে ফিফার এর আগে ৬০ ডলারের টিকিট দেওয়ার প্রতিশ্রুতির মিল নেই। সাত বছর আগে এই বিশ্বকাপ আয়োজনের বিড করার সময় যুক্তরাষ্ট্রের ফুটবল কর্তাদের লক্ষ্য ছিল টুর্নামেন্টের শুরুর দিকের ম্যাচগুলোর জন্য ২১ ডলার দামের হাজারো টিকিট ছাড়া। কিন্তু বর্তমান দামের সঙ্গে সেই ভাবনারও মিল নেই।

ফুটবল সাপোর্টার্স ইউরোপ (এফএসই) তাদের বিবৃতিতে বলেছে, 'বিশ্বকাপের ঐতিহ্যের প্রতি এটি বিরাট বিশ্বাসঘাতকতা, এটাকে (বিশ্বকাপ) আরও আকর্ষণীয় করতে সমর্থকদের অবদানকে পাত্তা দেওয়া হয়নি।'

বিশ্বকাপ ফিফার প্রধান ইভেন্ট। সর্বশেষ ২০২২ কাতার বিশ্বকাপ ফাইনালের তুলনায় এবারের বিশ্বকাপের টিকিটের দাম সাত গুণ বেশি। সেই বার কাতার বিশ্বকাপের ফাইনালে সবচেয়ে সস্তা টিকিটের দাম ছিল ৬০২ ডলার। শুধু তাই নয়, এবারের বিশ্বকাপে শিশু কিংবা অন্য কোনো গোষ্ঠীর জন্য কোনো টিকিটের দামেই কোনোরকম ছাড় নেই।

ইংল্যান্ড ফুটবল অ্যাসোসিয়েশন (এফএ) গত বৃহস্পতিবার স্থানীয় সময় সন্ধ্যায় ইংল্যান্ড সাপোর্টার্স ট্রাভেল ক্লাবকে (ইএসটিসি) ২০২৬ বিশ্বকাপের টিকিটির দাম জানায়। এতে দেখা গেছে, যদি কোনো সমর্থক ফাইনাল পর্যন্ত প্রতিটি ম্যাচের টিকিট ক্রয় করেন, তাহলে তাঁর খরচ ৭ হাজার ডলার (বাংলাদেশি মুদ্রায় ৮ লাখ ৫৩ হাজার টাকা) পেরিয়ে যায়।

ফিফা গত সেপ্টেম্বরে জানিয়েছিল, তাদের ওয়েবসাইটে প্রকাশিত টিকিটের দাম শুরুতে গ্রুপ পর্বে ম্যাচের জন্য ৬০ ডলার থেকে ফাইনালে ৬ হাজার ৭৩০ ডলার পর্যন্ত হবে। তবে বিশ্বকাপে প্রথমবারের মতো 'ডায়নামিক প্রাইসিং' প্রবর্তনের কারণে এ দাম পরিবর্তনের সম্ভাবনা রয়েছে। চারটি ক্যাটাগরিতে পাওয়া যাবে বিশ্বকাপের টিকিট। সেরা আসনগুলো ক্যাটাগরি ওয়ানে। জার্মান ফুটবল ফেডারেশন টিকিটের যে মূল্য প্রকাশ করেছে, তাতে ক্যাটাগরি আছে তিনটি।

হিউস্টনে গ্রুপ থেকে নিজেদের প্রথম ম্যাচে কুরাসাওয়ের মুখোমুখি হবে জার্মানি। এই ম্যাচে সবচেয়ে সস্তা টিকিটের দাম ১৮০ ডলার। সেমিফাইনাল ম্যাচে সবচেয়ে সস্তা টিকিটের দাম ছিল ৯২০ ডলার (১ লাখ ১২ হাজার ২১৯ টাকা) যা বেড়ে ১১২৫ ডলার (১ লাখ ৩৭ হাজার ২২৪ টাকা)।

সমর্থকগোষ্ঠী এফএসই জাতীয় অ্যাসোসিয়েশনগুলোর মাধ্যমে টিকিট বিক্রি বন্ধ করার আহ্বান জানিয়েছে ফিফার কাছে, 'যতক্ষণ না পর্যন্ত এমন একটি সমাধান পাওয়া যাচ্ছে, যা বিশ্বকাপের ঐতিহ্য, সার্বজনীনতা এবং সাংস্কৃতিক গুরুত্বকে সম্মান করে।'



রেসলিং ক্যারিয়ারের ইতি টানলেন জন সিনা

ক্রীড়া ডেস্ক : ডব্লিউডব্লিউইয়ের পে-পর-ভিউ ইভেন্টে গুন্থারের বিপক্ষে ক্যারিয়ারের শেষ ম্যাচ খেলেন জন সিনা। টানটান উত্তেজনাপূর্ণ এই লড়াইয়ে শেষ পর্যন্ত পরাজয়ের মুখে পড়েন সিনা। এর মধ্য দিয়েই রেসলিং রিংকে বিদায় জানালেন এই কিংবদন্তি তারকা। হারলেও দর্শকদের দাঁড়িয়ে করতালিতে সম্মানিত হন তিনি।

ডব্লিউডব্লিউই ইতিহাসের অন্যতম সফল রেসলার জন সিনা ক্যারিয়ারে অসংখ্য শিরোপা জয় করেছেন। সর্বোচ্চবার ডব্লিউডব্লিউই হেভিওয়েট চ্যাম্পিয়ন হওয়ার রেকর্ড তার নামেই। চলতি বছরে কোডি রোডসকে হারিয়ে ১৭তম বারের মতো এই শিরোপা জিতে নতুন ইতিহাস সৃষ্টি করেন তিনি। ইন্টারকন্টিনেন্টাল, ইউএস, ওয়ার্ল্ড হেভিওয়েটসহ সম্ভাব্য সব বড় শিরোপাই নিজের ঝুলিতে ভরেছেন সিনা। পাশাপাশি দুইবার রয়্যাল রাম্বল জয়ের কৃতিত্বও রয়েছে তার।

বিদায়ী এই ম্যাচে সিনাকে সম্মান জানাতে রিংয়ে হাজির ছিলেন বর্তমান ও সাবেক বেশ কয়েকজন জনপ্রিয় রেসলার। এছাড়া বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে তার প্রতি শ্রদ্ধা জানিয়ে পাঠানো হয় ভিডিও বার্তা।

রেসলিং অঙ্গনের বাইরে থেকেও সিনার অবসরে সম্মান জানানো হয়েছে। তার বিদায় উপলক্ষে গুগল বিশেষ ডুডল প্রকাশ করেছে। 'জন সিনা' লিখে সার্চ করলে দেখা যাচ্ছে একটি বিশেষ অ্যানিমেশন, যেখানে ক্লিক করলেই পুরো পেজটি মিলিয়ে যায়, যা প্রতীকীভাবে রিং থেকে জন সিনার বিদায়কে তুলে ধরেছে।

ভ্রমণের ধকলে ব্রাজিল, সুবিধায় আর্জেন্টিনা

ক্রীড়া ডেস্ক : আগামী ১১ জুন যুক্তরাষ্ট্র, কানাডা ও মেক্সিকোতে পর্দা উঠতে যাচ্ছে ২০২৬ বিশ্বকাপের। ফুটবল বিশ্বের সবচেয়ে বড় এই আসরের ক্ষণগণনা শুরু হয়ে গেছে। তবে তিন দেশে ছড়িয়ে থাকা ভেন্যুগুলোর কারণে এবারের বিশ্বকাপে মাঠের প্রতিপক্ষের চেয়েও বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়াতে পারে 'ভ্রমণ'। আর এই ভ্রমণ ক্লান্তির সমীকরণে চিরপ্রতিদ্বন্দ্বী ব্রাজিলের চেয়ে বেশ সুবিধাজনক অবস্থানে আছে বর্তমান চ্যাম্পিয়ন আর্জেন্টিনা।

কাতার বিশ্বকাপে স্টেডিয়ামগুলো কাছাকাছি থাকায় দলগুলোকে ভ্রমণের ঝক্কি পোহাতে হয়নি। কিন্তু উত্তর আমেরিকার বিশাল ভূখণ্ডে এবার চিত্রটা ভিন্ন। গ্রুপ পর্বের সূচি অনুযায়ী, ব্রাজিলকে পাড়ি দিতে হবে প্রায় ১ হাজার ৯৪ মাইল পথ। অন্যদিকে, লিওনেল মেসির আর্জেন্টিনাকে মাত্র ৪৬১ মাইল ভ্রমণ করতে হবে। মেসিদের তিনটি ম্যাচই যুক্তরাষ্ট্রের ডালাস ও কানসাস সিটিতে অনুষ্ঠিত হবে বলে এই সুবিধা পাচ্ছে আলবিসেলেস্তেরা।

পরিসংখ্যান বলছে, ২০২২ বিশ্বকাপে গ্রুপ পর্বে দলগুলোর গড় ভ্রমণ ছিল মাত্র ৮৬ মাইল। অথচ ২০২৬ বিশ্বকাপে সেই গড় বেড়ে দাঁড়াচ্ছে ৫ হাজার ১৬৭ মাইলে। যদিও ২০১৪ সালের ব্রাজিল বিশ্বকাপে দলগুলোকে গড়ে ৭ হাজার ৫৪ মাইল ভ্রমণ করতে হয়েছিল, যা এবারের চেয়েও বেশি ছিল।

দীর্ঘ ভ্রমণের এই ধকল খেলোয়াড়দের ওপর নেতিবাচক প্রভাব ফেলতে পারে বলে সতর্ক করেছেন ক্রীড়া বিজ্ঞানীরা। তাদের মতে, দীর্ঘ বিমান ভ্রমণ ও সময়ের পার্থক্যের কারণে খেলোয়াড়দের ঘুম ও বিশ্রামে ব্যাঘাত ঘটতে পারে। পর্যাপ্ত রিকভারির অভাবে মাংসপেশির চোটের ঝুঁকিও বাড়ার আশঙ্কা রয়েছে।

তবে বিশেষজ্ঞদের মতে, এই ধকল সামলাতে শারীরিক প্রস্তুতির চেয়েও মানসিক দৃঢ়তা বেশি গুরুত্বপূর্ণ।

কলকাতায় মেসির সঙ্গে শাহরুখ খানের সাক্ষাৎ

ক্রীড়া ডেস্ক : ১৪ বছর পর ভারতের মাটিতে পা রেখেছেন বিশ্ব ফুটবলের মহাতারকা লিওনেল মেসি। শুক্রবার (১২ ডিসেম্বর) দিবাগত রাত আড়াইটায় কলকাতায় পা রাখেন মেসি। এর মাধ্যমে শুরু হলো 'গোট ইন্ডিয়া ট্যুর ২০২৫'।



মেসির সঙ্গে দেখা করতে কলকাতায় হাজির হন বলিউড কিং শাহরুখ খান। এই সফরের প্রথম দিনেই আলোচনার কেন্দ্রে উঠে এসেছে মেসি ও শাহরুখ খানের সাক্ষাৎ। দুই ভিন্ন জগতের মহাতারকার সাক্ষাতের মুহূর্ত দ্রুতই ভাইরাল হয়েছে সামাজিক যোগাযোগমাধ্যমে।

একটি অনুষ্ঠানে মেসির সঙ্গে দেখা করেন শাহরুখ খান। এ সময় তাদের সঙ্গে ছিলেন আরও দুই তারকা ফুটবলার লুইস সুয়ারেজ এবং রদ্রিগো ডি পল। অতিথি ও আয়োজকদের সামনে তারা শাহরুখের সঙ্গে উষ্ণ শুভেচ্ছা বিনিময় করেন। কলকাতা থেকে হায়দরাবাদ, মুম্বাই ও নয়াদিল্লিতে যাবেন আটবারের ব্যালন ডিঅর জয়ী মেসি। তার আগে শনিবার (১৩ ডিসেম্বর) কলকাতার সল্ট লেকের যুব ভারতী স্টেডিয়ামে হাজির হন লিওনেল মেসি। তাকে দেখা জন্য অধীর আগ্রহে গ্যালারিতে অপেক্ষায় ছিলেন হাজার-হাজার ভক্ত।

মেসির ভারতের সফরের প্রথম দিনে সকাল সাড়ে ১১টায় যুবভারতীর মাঠে ঢোকে মেসির গাড়ি। তবে স্টেডিয়ামে ছিল চরম অব্যবস্থাপনা। গাড়ি থেকে মেসি নামার সঙ্গে সঙ্গে তাকে বেশ কিছু মানুষ ঘিরে ধরেন তাকে। ফলে গ্যালারি থেকে প্রায় ২০ মিনিট মেসিকে দেখাই যায়নি।

১১.৫২ মিনিটে স্টেডিয়াম থেকে আচমকা মেসিকে বের করে নিয়ে যাওয়া হয়। এরপরই পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। চড়া দামে টিকিট কিনে মাঠে এসেও মেসিকে দেখতে না পেয়ে দর্শকরা ক্ষুব্ধ হয়ে ওঠেন। এ সময় গ্যালারিতে লাগানো হোর্ডিং ভাঙচুর শুরু করেন তারা। ক্ষোভে গ্যালারির চেয়ার ভেঙে মাঠে ছুড়তে শুরু করেন।

পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে দিশেহারা হয়ে যায় পুলিশ। এক সময় মাঠের ধারে ফেন্সিংয়ের গেট ভেঙে হুড়মুর করে মাঠে ভক্ত-সমর্থকরা ঢুকতে শুরু করেন। এতে পরিস্থিতি নিয়ন্ত্রণের বাইরে চলে যায়।

আইপিএলের মক নিলামে সাড়ে ৩ কোটি রুপিতে মোস্তাফিজ

ক্রীড়া ডেস্ক : আসন্ন ইন্ডিয়ান প্রিমিয়ার লিগের (আইপিএল) নিলাম অনুষ্ঠিত হবে ১৬ ডিসেম্বর। তার আগে একটি মক নিলামের আয়োজন করেছিলেন ভারতের সাবেক ক্রিকেটার রবিচন্দ্রন অশ্বিন। সাবেক এই স্পিনারের মক অকশানে চড়া দামে বিক্রি হয়েছেন বাংলাদেশের পেসার মোস্তাফিজুর রহমান।



অশ্বিনের ইউটিউব চ্যানেলে সম্প্রচারিত এই মক নিলামে মোস্তাফিজের ভিত্তিমূল্য ছিল ২ কোটি রুপি। এই বাঁহাতি পেসারকে দলে পেতে নিলামের টেবিলে লড়াই করে চেন্নাই ও বেঙ্গালুরু। শেষ পর্যন্ত সাড়ে তিন কোটি রুপিতে মোস্তাফিজকে দলে ভেড়ায় বেঙ্গালুরু।

আইপিএলের মূল নিলামেও মোস্তাফিজের ভিত্তিমূল্য রাখা হয়েছে ২ কোটি রুপি। এবারের নিলামে মোস্তাফিজ ছাড়াও আছেন আরও ৬ বাংলাদেশি ক্রিকেটার। তারা হলেন তাসকিন আহমেদ, রিশাদ হোসেন, তানজিম হাসান সাকিব, শরীফুল ইসলাম, রাকিবুল হাসান ও নাহিদ রানা।

সাবিনার কাঁধে আরেকটি সাফের দায়িত্ব

ক্রীড়া ডেস্ক : নারী ফুটবল দলের কোনো আন্তর্জাতিক ম্যাচ সামনে থাকলেই উঠে আসে সাবিনা খাতুনের প্রসঙ্গ। আদৌ কি জাতীয় দলে আর সুযোগ পাবেন তিনি। গত বছর সাফ চ্যাম্পিয়ন হওয়ার পর কোচের সঙ্গে দ্বন্দ্বের কারণে আর জাতীয় দলে ডাক পাননি এই ফুটবলার। তবে তাঁকে অধিনায়ক করেই আজ ফুটসালের প্রাথমিক দল করেছে বাফুফে।



আগামী বছরের ১৩ জানুয়ারি থাইল্যান্ডে শুরু হবে সাফ ফুটসাল চ্যাম্পিয়নশিপ। বাংলাদেশসহ এতে অংশ নেবে মালদ্বীপ, পাকিস্তান, শ্রীলঙ্কা, নেপাল, ভারত ও ভুটান। রাউন্ড রবিন লিগ ফরম্যাটে সব দল একে অপরের মুখোমুখি হবে।

পুরুষ দলের কোচ সাইদ খোদারাহমির অধীনেই চলছে বাংলাদেশ নারী দলের ক্যাম্প। প্রাথমিক দলও সাজানো হয়েছে। অধিনায়কত্বের দায়িত্ব কাঁধে নেওয়া সাবিনা ছাড়াও দলে আছেন ফুটবল দলের কোচ পিটার বাটলারের বিরুদ্ধে বিদ্রোহ করা মাসুরা পারভীন, মাতসুশিমা সুমাইয়া, কৃষ্ণা রানী সরকার, নিলুফা ইয়াসমিনও।



হলিউডে দেখা যেতে পারে রোনালদোকে!

ক্রীড়া ডেস্ক : বিশ্ব ফুটবলের সুপারস্টার ক্রিস্টিয়ানো রোনালদোকে এবার দেখা যেতে পারে বড় পর্দায়! হলিউডের জনপ্রিয় চলচ্চিত্র সিরিজ ফাস্ট অ্যান্ড ফিউরিয়াসে রোনালদোর জন্য একটি চরিত্র লেখা হয়েছে বলে সম্প্রতি ইঙ্গিত দিয়েছেন ফ্র্যাঞ্চাইজিটির অন্যতম প্রধান অভিনেতা ভিন ডিজেল।

ডমিনিক টোরেত্তো চরিত্রে দীর্ঘদিন ধরে ফাস্ট অ্যান্ড ফিউরিয়াস সিরিজের নেতৃত্ব দেওয়া ভিন ডিজেল সম্প্রতি ইনস্টাগ্রামে এক পোস্টে জানান, রোনালদোর জন্য বিশেষ একটি চরিত্র তৈরি করা হয়েছে। পোস্টে রোনালদোকে ট্যাগ করে দুজনের একটি ছবি শেয়ার করেন তিনি।

ভিন ডিজেল লেখেন, 'অনেকে জানতে চেয়েছেন, সে কি ফাস্ট-এর গল্পে থাকবে? আমি বলতে পারি, সে সত্যিই একজন খাঁটি মানুষ। আমরা তার জন্য একটি চরিত্র লিখেছি।' তবে সেই চরিত্রটি কী ধরনের, কিংবা গল্পে তার ভূমিকা কী–এ বিষয়ে বিস্তারিত কিছু জানানো হয়নি। এ নিয়ে এখনো কোনো আনুষ্ঠানিক মন্তব্য করেননি ক্রিস্টিয়ানো রোনালদো নিজেও।

জনপ্রিয় স্ট্রিট রেসিং ফ্র্যাঞ্চাইজিটির পরবর্তী সিনেমা ফাস্ট এক্স : পার্ট ২ মুক্তি পাওয়ার কথা রয়েছে ২০২৭ সালের এপ্রিল মাসে।

মার্কিন বিনোদনবিষয়ক সাময়িকী ভ্যারাইটি জানিয়েছে, এই ছবিটিই নাকি ফাস্ট অ্যান্ড ফিউরিয়াস সিরিজের শেষ কিস্তি হতে যাচ্ছে।

মিলিয়ন ডলারের ট্রাম্প গোল্ড কার্ডে মিলবে

৩-এর পৃষ্ঠায় পর ওয়েবসাইট আরও জানায়, এ ক্ষেত্রে কোনো ব্যবসায়িক প্রতিষ্ঠান কর্মী স্পনসর করলে তাদের ২০ লাখ ডলার দিতে হবে সঙ্গে অতিরিক্ত ফিও।

শিগগিরই ৫০ লাখ ডলারের বিনিময়ে 'প্লাটিনাম' সংস্করণও আসছে বলে জানিয়েছে ট্রাম্প প্রশাসন। যা বিশেষ কর ছাড়ের সুবিধা দেবে।

সাইটে আরও বলা হয়েছে, আবেদনকারীর পরিস্থিতির ওপর নির্ভর করে সরকারকে বাড়তি ফিও দিতে হতে পারে। আবেদন পর্যালোচনার আগে সবাইকে ১৫ হাজার ডলারের অফেরতযোগ্য প্রসেসিং ফি দিতে হবে।

গত ফেব্রুয়ারিতে ঘোষণার পর থেকেই সমালোচনার মুখে পড়েছে গোল্ড কার্ড কর্মসূচিটি। কিছু ডেমোক্রেটের অভিযোগ, এটি ধনী ব্যক্তিদের অগ্রাধিকার দেবে, যা অন্যদের প্রতি অন্যায্য।

তখন এই ভিসাকে গ্রিন কার্ডের সঙ্গে তুলনা করেছিলেন ট্রাম্প। তবে ট্রাম্প জোর দিয়ে বলেন, গোল্ড কার্ড বিশেষভাবে 'উচ্চ-স্তরের' পেশাজীবীদের লক্ষ্য করে তৈরি। আমরা বিচক্ষণ, উৎপাদনশীল মানুষ চাই।

ট্রাম্প বলেন, 'যারা ৫০ লাখ ডলার দিতে পারে, তারা চাকরি সৃষ্টি করবে। এটি দারুণ বিক্রি হবে। এটি একপ্রকার সস্তা সুযোগ।'

ট্রাম্প প্রশাসন এখন অভিবাসীদের দেশে ফেরত পাঠাতে ব্যাপক সম্পদ বিনিয়োগ করেছে।

এছাড়া, ভ্রমণ নিষেধাজ্ঞার আওতায় থাকা ১৯টি দেশের নাগরিকদের অভিবাসন আবেদন গ্রহণ সাময়িকভাবে স্থগিত করেছে সরকার। এমনকি আশ্রয়প্রার্থীদের আবেদন নিষ্পত্তিও স্থগিত করেছে।

পাশাপাশি সাবেক প্রেসিডেন্ট জো বাইডেনের প্রশাসনকালে অনুমোদিত হাজার হাজার আবেদন পুনর্বিবেচনা করার ঘোষণা দিয়েছে।

দীর্ঘদিন ধরে আইস হেফাজতে রাখা

৩-এর পৃষ্ঠায় পর হয়েছে যাতায়াতের বিলম্ব, চিকিৎসাজনিত প্রয়োজন ও আইনি প্রক্রিয়া।

শিশু অধিকারকর্মী ও আইনজীবিদের দাবি এসব কোনো যৌক্তিক দাবি নয়, শুধুমাত্র অজুহাত । আটক পরিবারগুলোর সঙ্গে কথা বলে অন্তত পাঁচ শিশুর ১৬৮ দিন পর্যন্ত হেফাজতে থাকার তথ্যও তারা পেয়েছেন। অস্থায়ী আটক হিসেবে ৭২ ঘণ্টা পর্যন্ত হোটেল ব্যবহারের অনুমতি থাকলেও, সরকারের যে তথ্য আদালতে দেওয়া হয়েছে তা নিয়ে প্রশ্ন তুলেছেন আইনজীবীরা। তাদের দাবি অনেক ক্ষেত্রেই তিন দিনের বেশি হোটেল কক্ষে শিশুদের আটক রাখার কারণ স্পষ্ট নয়।

টেক্সাসের ডিলি এলাকায় পারিবারিক আটক কেন্দ্রটি পুনরায় খুলে দেওয়ার পর থেকেই সেখানে পরিবেশ নিয়ে উদ্বেগ বাড়ছে। আদালতে দাখিল নথিতে অধিকারকর্মীরা জানিয়েছেন শিশুরা আঘাত পাচ্ছে, যথেষ্ট চিকিৎসা পাচ্ছে না, এমনকি গুরুতর অবস্থাতেও সঠিক সময়ে ডাক্তার দেখানো হচ্ছে না। এক শিশুর চোখে আঘাতজনিত রক্তক্ষরণ হলেও দুই দিন তাকে চিকিৎসকের কাছে নেওয়া হয়নি। আরেক শিশুর পায়ের হাড় ভেঙে যায় স্টাফদের একজন ভলিবল নেটের লোহার খুঁটি ফেলে দেওয়ায়। খাদ্যে বিষক্রিয়ার শিকার এক শিশুর পরিবারকে নাকি বলা হয়েছিল আটবার বমি না করলে ফের আসার দরকার নেই।

সুদানে সন্ত্রাসী হামলায় ৬ বাংলাদেশি শান্তিরক্ষী নিহত

২-এর পৃষ্ঠায় পর সেনাবাহিনী পূর্ব লিবিয়ার শক্তিশালী নেতা জেনারেল খলিফা হাফতারকেও আরএসএফকে সমর্থন দেওয়ার জন্য অভিযুক্ত করেছে। হাফতার সুদানে অস্ত্র পাচারে সাহায্য করেছেন এবং আরএসএফের পক্ষে যোদ্ধা পাঠিয়েছেন বলেও অভিযোগ সেনাবাহিনীর।

প্রধান উপদেষ্টার শোক

সুদানের বাংলাদেশি শান্তিরক্ষীদের হতাহতের ঘটনায় গভীর শোক ও উদ্বেগ জানিয়ে বিবৃতি দিয়েছেন প্রধান উপদেষ্টা অধ্যাপক মুহাম্মদ ইউনূস।

শনিবার রাতে দেওয়া এক বিবৃতিতে প্রধান উপদেষ্টা বলেন, 'শান্তি ও স্থিতিশীলতা প্রতিষ্ঠার মহান দায়িত্ব পালনের সময় আমাদের ছয়জন বীর শান্তিরক্ষীর শাহাদাতবরণ এবং আরও আটজনের আহত হওয়ার সংবাদে আমি গভীরভাবে মর্মাহত। জাতিসংঘ শান্তিরক্ষা কার্যক্রমে বাংলাদেশের বিপুল অবদান আন্তর্জাতিকভাবে স্বীকৃত; বীরদের এই আত্মত্যাগ একদিকে জাতির গৌরব, অন্যদিকে গভীর বেদনার।'

প্রধান উপদেষ্টা নিহত শান্তিরক্ষীদের আত্মার মাগফিরাত কামনা করেন এবং তাঁদের শোকসন্তপ্ত পরিবার-পরিজনের প্রতি গভীর সমবেদনা জানান। একই সঙ্গে আহত শান্তিরক্ষীদের দ্রুত আরোগ্য কামনা করেন।

প্রধান উপদেষ্টা বলেন, আহত শান্তিরক্ষীদের সর্বোচ্চ চিকিৎসা ও প্রয়োজনীয় সহায়তা নিশ্চিত করতে জরুরি ভিত্তিতে ব্যবস্থা গ্রহণের জন্য ইতিমধ্যেই জাতিসংঘের প্রতি অনুরোধ জানানো হয়েছে। এই দুঃসময়ে সরকার শান্তিরক্ষীদের পরিবারগুলোর পাশে থাকবে।

বিবৃতিতে প্রধান উপদেষ্টা এ ধরনের সন্ত্রাসী হামলার তীব্র নিন্দা জানিয়ে বলেন, শান্তিরক্ষীদের ওপর হামলা আন্তর্জাতিক শান্তি ও মানবতার বিরুদ্ধে গুরুতর অপরাধ। তিনি জাতিসংঘ ও আন্তর্জাতিক সম্প্রদায়কে শান্তিরক্ষীদের নিরাপত্তা আরও জোরদারে কার্যকর পদক্ষেপ গ্রহণের আহ্বান জানান।

নিহত শান্তিরক্ষীদের মরদেহ দ্রুত দেশে ফিরিয়ে আনা এবং আহতদের সুচিকিৎসা নিশ্চিত করতে বাংলাদেশ সরকার জাতিসংঘের সঙ্গে ঘনিষ্ঠভাবে যোগাযোগ চালিয়ে যাবে বলেও বিবৃতিতে উল্লেখ করা হয়।

বৃহস্পতিবার শরিকদের আসন চূড়ান্ত করবে বিএনপি

২-এর পৃষ্ঠায় পর আসনের ঘোষিত প্রার্থী কামাল জামান মোল্লার নাম স্থগিত করা হয়। ৪ ডিসেম্বর আরও ৩৬ আসনে দলীয় প্রার্থী ঘোষণা করে বিএনপি। সব মিলে ২৭২ আসনে প্রার্থী তালিকা প্রকাশ করেছে দলটি। বাকি ২৮ আসনের তালিকা শিগগিরই ঘোষণা করা হবে। দুদফা দলীয় সম্ভাব্য প্রার্থী ঘোষণার আগে সমমনা কোনো নেতার সঙ্গে বিএনপি আলোচনা করেনি বলে অভিযোগ জোট ও দলগুলোর নেতাদের।

বৈঠক সূত্র জানায়, দুদফা দলীয় প্রার্থী ঘোষণার সময় সমমনা নেতাদের সঙ্গে আলোচনা না করায় বিএনপির সমালোচনা করেন যুগপৎ আন্দোলনের নেতারা। তাদের অবমূল্যায়ন ও অবজ্ঞা করা হয়েছে বলেও ক্ষোভ প্রকাশ করেন তারা।

বাংলাদেশ ন্যাশনাল পিপলস পার্টির (এনপিপি) চেয়ারম্যান ও জাতীয়তাবাদী সমমনা জোটের প্রধান সমন্বয়ক ড. ফরিদুজ্জামান ফরহাদ বলেন, শরিক নেতাদের সঙ্গে বৈঠক করে আসন চূড়ান্ত হবে বলে সিদ্ধান্ত হয়েছে।

গণঅধিকার পরিষদের সাধারণ সম্পাদক রাশেদ খান বলেন, বিএনপি রাষ্ট্রক্ষমতায় গেলে জাতীয় সরকার গঠনের বিষয়ে আলোচনা হয়েছে। আসন ছাড়ের বিষয়ে ইতিবাচক বিএনপি। এ ক্ষেত্রে তারা তাদের প্রতিশ্রুতি রক্ষা করবে বলেও জানিয়েছে।

ওজনপার্ক ও ব্রুকলিনের প্রানকেন্দ্র সিটি লাইনে পপুলার ড্রাইভিং স্কুলের ২য় শাখার যাত্রা শুরু।
আমরা গত ৩০ বছর যাবৎ জ্যাকসন হাইটসে রুজভেল্ট এভিনিউর অফিস থেকে সাফল্যের সাথে সেবা দিয়ে আসছি।
অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা Instructor দ্বারা ড্রাইভিং শিখুন
পপুলার ড্রাইভিং স্কুল
www.populardrivingschoolny.com
Fully Insured & Licensed by NYS (DMV)


আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট



- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test
- 5 Hours Class Certificate (Zoom Class)
- 6 Hours DDC Class
- Good For TLC, Insurance & Point Redaction.

(Operate by JH office)

Operate by JH office
বাসা থেকে পিকআপ এন্ড ড্রপ
২টি লেসন একত্রে
OPEN 7 DAYS
Please

৩০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্ত্বাবধানে ড্রাইভিং শিখুন। ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ১ থেকে ২০ লেসনের প্যাকেজ ডীল। প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা।

Scan & Visit us!

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীরা কিভাবে ড্রাইভিং লাইসেন্স পেতে পারেন তা জানতে আমাদের সাথে যোগাযোগ করুন:
৯১৭-৩০১-২০৬৩

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈর্য্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট পরীক্ষার বই

Website. www.populardrivingschoolny.com

POPULAR DRIVING SCHOOL INC.

Jackson Heights Office
72-26 Roosevelt Ave, 2nd Fl,
Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave)
718-426-9453

Brooklyn / Ozone Park Office
17-101 Avenue, Brooklyn, NY 11208
(Betw. Drew St & Forbell St. City Line)
718-235-6438

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায় সাফল্যের ২৭ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ
- ফ্যামিলি পিটিশন
- NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট
- এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

গুলির ঘটনায় 'সন্দেহভাজন' কে এই ফয়সাল

৩-এর পৃষ্ঠায় পর

এরই মধ্যে সব বিমানবন্দর, স্থলবন্দর ও সীমান্তে তথ্য দেওয়া হয়েছে।

এদিকে সিসিটিভি ফুটেজ থেকে নেওয়া প্রধান সন্দেহভাজনের ছবি প্রকাশ করে তার ব্যাপারে তথ্য ও সন্ধান জানতে চেয়েছে পুলিশ। সেই ছবির সঙ্গে ছাত্রলীগ নেতা ফয়সাল করিম মাসুদের চেহারার মিল রয়েছে বলে জানান সংশ্লিষ্টরা। গত বছরের ৮ নভেম্বর ফয়সালকে রাজধানীর আদাবরে একটি অফিসে ঢুকে ১৭ লাখ টাকা লুটের অভিযোগে গ্রেপ্তার করে র‍্যাব। এ ঘটনায় তার বিরুদ্ধে অস্ত্র আইনে মামলা হয়। তিন মাসের মাথায় তিনি জামিন পান। পরে আগস্টে জামিনের মেয়াদ বাড়ানো হয়।

পেশাদারদের যোগাযোগমাধ্যম লিংকডইনে ফয়সাল করিমের নামে প্রোফাইল আছে। এই অ্যাকাউন্টটি যে ফয়সালেরই তা ঢাকা মহানগর উত্তর ছাত্রলীগের সাবেক এক নেতা নিশ্চিত করেছেন তদন্ত সংশ্লিষ্ট একাধিক ব্যক্তিকে। লিংকডইনে ফয়সাল নিজেকে অ্যাপল সফট আইটি, ওয়াইসিইউ টেকনোলজি ও এনলিস্ট ওয়ার্ক নামে তিনটি প্রতিষ্ঠানের মালিক হিসেবে উল্লেখ করেছেন।

লিংকডইন প্রোফাইলের তথ্য অনুযায়ী, ফয়সাল করিম ২০১৩ সালে ঢাকার একটি বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে কম্পিউটারবিজ্ঞানে স্নাতক সম্পন্ন করেছেন। পরে আরেকটি বেসরকারি বিশ্ববিদ্যালয় থেকে তিনি এমবিএ করেছেন বলে সেখানে উল্লেখ রয়েছে।

ডাকসুর মুক্তিযুদ্ধ ও গণতন্ত্র সম্পাদক ফাতিমা তাসনিম জুমা ফেসবুকে হাদিসহ কয়েকজনের একটি ছবি প্রকাশ করে তিনজনকে চিহ্নিত করে ধরিয়ে দেওয়ার আহ্বান জানিয়েছেন। তিনি লিখেছেন, এই তিনজনকে যেকোনো মূল্যে ধরিয়ে দিন। বাংলাদেশের জনতা আপনারাই ইনকিলাব কর্মী, আপনারাই এই ভার হাতে নিন। প্রশাসন কোথায় আমাদের আপডেট দিবে, তা না করে উল্টো আমাদের কাছেই আপডেট চাইতেছে।

সূত্র জানিয়েছে, ওসমান হাদির ওপর গুলির ঘটনায় সন্দেহভাজন ফয়সাল করিম ও কেন্দ্রীয় ছাত্রলীগের সাবেক সদস্য (রেজওয়ানুল হক চৌধুরী ও গোলাম





সন্দেহভাজন হামলাকারী ফয়সাল

রাব্বানী নেতৃত্বাধীন কমিটি) ফয়সাল করিম দাউদ খান একই ব্যক্তি।

এদিকে ওসমান হাদিকে গুলি করা ব্যক্তিকে ধরিয়ে দিতে পারলে ৫০ লাখ টাকা পুরস্কারের ঘোষণা দিয়েছেন স্বরাষ্ট্র উপদেষ্টা লেফটেন্যান্ট জেনারেল (অব.) জাহাঙ্গীর আলম চৌধুরী। শনিবার দুপুরে বাংলাদেশ সচিবালয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে আইনশৃঙ্খলা সংক্রান্ত কোর কমিটির সভা শেষে সাংবাদিকদের ব্রিফিংকালে তিনি এ কথা জানান।

উপদেষ্টা বলেন, লুট হওয়া ও অবৈধ অস্ত্র উদ্ধারে আইনশৃঙ্খলা বাহিনীর অভিযান চলমান রয়েছে। এটিকে আরো জোরদার ও বেগবান করার জন্য এবং ফ্যাসিস্ট টেরোরিস্টদের দমনের উদ্দেশ্যে কোর কমিটি 'অপারেশন ডেভিল হান্ট ফেইজ-২' অবিলম্বে চালু করার সিদ্ধান্ত গ্রহণ করেছে।

লেফটেন্যান্ট জেনারেল মো. জাহাঙ্গীর আলম চৌধুরী (অব.) বলেন, বর্তমান অন্তর্বর্তী সরকার জুলাই গণঅভ্যুত্থানের সম্মুখ সারির যোদ্ধাদের নিরাপত্তা নিশ্চিতে বদ্ধপরিকর। সরকারের পক্ষ থেকে তাদের জন্য বিশেষ নিরাপত্তা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। এ জন্য একটি কমিটিও গঠন করা হয়েছে। কমিটি সার্বিক বিষয় পর্যালোচনা করে জুলাই যোদ্ধাদের নিরাপত্তার বিষয়টি নিশ্চিত করবে।

স্বরাষ্ট্র উপদেষ্টা বলেন, স্বরাষ্ট্র মন্ত্রণালয়সহ বর্তমান অন্তর্বর্তী সরকার জুলাই গণঅভ্যুত্থানের সম্মুখ সারির যোদ্ধা ওসমান হাদির ওপর হামলার ঘটনায় গভীর দুঃখ প্রকাশ করছে এবং বিষয়টিকে সরকার সর্বোচ্চ গুরুত্ব দিয়ে দেখছে।

তিনি বলেন, অনতিবিলম্বে এ ঘটনার সঙ্গে জড়িতদের গ্রেপ্তারের জন্য আইনশৃঙ্খলা বাহিনীকে নির্দেশ দেওয়া হয়েছে। এ হামলায় জড়িত কাউকে কোনো প্রকার ছাড় দেয়া হবে না। উপদেষ্টা এ বিষয়ে জনগণের সার্বিক সহযোগিতা কামনা করেন এবং অতি দ্রুত সময়ের মধ্যে দুষ্কৃতকারীদের গ্রেপ্তার করে আইনের আওতায় নিয়ে আসার আশাবাদ ব্যক্ত করেন।

উপদেষ্টা বলেন, ওসমান হাদির ওপর আক্রমণের ঘটনা আসন্ন জাতীয় সংসদ নির্বাচনকে বাধাগ্রস্ত করার অপপ্রয়াস। জাতীয় সংসদ নির্বাচনকে বাধাগ্রস্ত বা বানচাল করার যেকোনো ধরনের অপচেষ্টা অন্তর্বর্তী সরকারের পক্ষ থেকে কঠোর হস্তে দমন করা হবে বলে তিনি দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন।

তিনি বলেন, ওসমান হাদির গুলিবিদ্ধ হওয়ার ঘটনার সাথে যারা জড়িত তাদেরকে কেউ ধরিয়ে দিতে পারলে সরকারের পক্ষ থেকে ৫০ লাখ টাকা পুরস্কার ঘোষণা করা হয়েছে। উপদেষ্টা এ সময় ওসমান হাদির দ্রুত সুস্থতার জন্য সবাইকে দোয়া করার অনুরোধ করেন।

উপদেষ্টা আরও বলেন, আগ্নেয়াস্ত্রের লাইসেন্স ইস্যুর ক্ষেত্রে এতদিন শুধু সামরিক ও বেসামরিক কর্মচারীদের অনুকূলে ইস্যু করা হতো। তিনি বলেন, এখন জাতীয় নির্বাচনের প্রার্থীদের মধ্যে যারা আগ্নেয়াস্ত্রের লাইসেন্স চাইবে, তাদেরকেও লাইসেন্স ইস্যু করা হবে।

বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান দেশে ফিরলে তাঁর নিরাপত্তায় কি ধরনের পদক্ষেপ নেয়া হবে- এ সংক্রান্ত সাংবাদিকদের প্রশ্নের জবাবে উপদেষ্টা বলেন, সরকার তারেক রহমানের নিরাপত্তায় সব ধরনের প্রস্তুতি গ্রহণ করেছে এবং তাঁর সর্বোচ্চ নিরাপত্তা নিশ্চিত করা হবে।

ব্রিফিংয়ে স্বরাষ্ট্র মন্ত্রণালয় সংক্রান্ত প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মো. খোদা বখস চৌধুরী, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব নাসিমুল গনি, আইজিপি বাহারুল আলম বিপিএম প্রমুখ উপস্থিত ছিলেন।

বাংলাদেশ সোসাইটি ইন্‌ক

Bangladesh Society, Inc.

86-24 Whitney Avenue, Elmhurst, New York 11373 • Tel: 718-440-8547 • email: info@bangladeshsocietyinc.com • www.bangladeshsocietyinc.com

সাধারণ সভা

তারিখ : ২৮ ডিসেম্বর, ২০২৫, রোববার ◆ সময় : সন্ধ্যা ৫টা

স্থান : কুইন্স প্যালেস, 37-11 57th St, Woodside, NY 11377

বাংলাদেশ সোসাইটির সম্মানিত আজীবন সদস্য ও নবায়নকৃত সাধারণ সদস্যবৃন্দ আসছে আগামী ২৮ ডিসেম্বর, ২০২৫, রোববার বাংলাদেশ সোসাইটির বার্ষিক সাধারণ সভার আয়োজন করা হয়েছে, গুরুত্বপূর্ণ এই সভায় আপনার উপস্থিতি বিশেষভাবে কামনা করছি।

বিশেষ দ্রষ্টব্য:- বার্ষিক এই সাধারণ সভা শুধুমাত্র ৩০ নভেম্বর , রোববার ২০২৫ তারিখ পর্যন্ত যারা সোসাইটির আজীবন সদস্য অথবা সাধারণ সদস্য পদ গ্রহণ করেছেন কেবলমাত্র তাঁরা অংশগ্রহণ করতে পারবেন।

আলোচ্য বিষয়

◆ সাধারণ সম্পাদকের রিপোর্ট ◆ কোষাধ্যক্ষের রিপোর্ট ◆ গঠনতন্ত্র সংশোধনীর প্রস্তাবনা উত্থাপন ◆ বিবিধ

অনুরোধক্রমে

আতাউর রহমান সেলিম
সভাপতি, ৯১৭-২৯৪-০৯৭০

মোহাম্মদ আলী
সাধারণ সম্পাদক, ৯১৭-৩০২-০৪৪৩

মো: মহিউদ্দীন দেওয়ান *(সিনিয়র সহ-সভাপতি)* ৯১৭-৫২৩-১৩৪৪, মো: কামরুজ্জামান কামরুল *(সহ-সভাপতি)* ৭১৮-৯৭১-৪৭৬৯, আবুল কালাম ভূইয়া *(সহ-সাধারণ সম্পাদক)* ৯১৭-৮৯২-৭১৯৯, মফিজুল ইসলাম ভূইয়া (রুমি) *(কোষাধ্যক্ষ)*, ৩৪৭-৮৯৬-২৮০২, ডিউক খান *(সাংগঠনিক সম্পাদক)* ৯১৭-৭৮৩-৫৪৯৯, অনিক রাজ *(সাংস্কৃতিক সম্পাদক)* ৯৩৪-৪৪৪-১৮৬৩, রিজু মোহাম্মদ *(প্রচার ও গণসংযোগ সম্পাদক)* ৭১৮-৫৮১-৬৬৩৭, জামিল আনসারী *(সমাজকল্যাণ সম্পাদক)* ৩৪৭-৮৩৩-১০২৮, মো: আখতার বাবুল *(সাহিত্য সম্পাদক)* ৬৪৬-৫৭৫-৭০৫৩, আশ্রাব আলী খান লিটন *(ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক)* ৯১৭-৪৯৭-২৮৩৯, মোহাম্মদ হাসান (জিলানী) *(স্কুল ও শিক্ষা সম্পাদক)* ৯১৭-৯৭১-৭৭৯৩, *কার্যকরী সদস্য:* হারুন উর রশিদ ৯১৭-৪৪৩-৭৮৩৮, জোহাঙ্গীর শহীদ সোহরাওয়ার্দী ৭১৮-৭৩৭-২৭৪৮, মোঃ সিদ্দিক পাটওয়ারী ৭১৮-২১৯-৭৯৭৭, আবুল কাশেম চৌধুরী ৬৪৬-৫১০-৬২৪৫, মুনসুর আহমেদ ৯২৯-৯২০-৬০৫৬ ও হাছান খান ৩১৩-৩২৭-৯৪১৮

প্রচারে: রিজু মোহাম্মদ, *প্রচার সম্পাদক*

যুক্তরাষ্ট্র বিমুখ কানাডার পর্যটকেরা

প্রথম পৃষ্ঠার পর

অক্টোবর পর্যন্ত কানাডা থেকে যুক্তরাষ্ট্রে ভ্রমণ ২৩ শতাংশ কমেছে। ফলে আগের বছরের তুলনায় প্রায় ৪ বিলিয়ন ডলার (৩০০ কোটি পাউন্ড) আর্থিক ক্ষতি হয়েছে।

তবে কানাডিয়ানরা ভ্রমণ কমাননি। তাহলে প্রশ্ন হলো, তাঁরা যাচ্ছেন কোথায়?

অনেকে নিজের দেশেই ভ্রমণের সিদ্ধান্ত নিয়েছেন। ভ্রমণবিষয়ক লেখক ও কনটেন্ট নির্মাতা এমিলি ব্রিয়োঁ জানান, সাবেক প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডোর আহ্বানে সাড়া দিয়ে কানাডিয়ানরা যুক্তরাষ্ট্র বাদ দিয়ে দেশের ভেতরেই ঘুরতে শুরু করেছেন। এমিলি ব্রিয়োঁ বলেন, 'আমি আগে কানাডা ও যুক্তরাষ্ট্র দুটো দেশেই রোড ট্রিপ কভার করতাম। কিন্তু গত মার্চে সিদ্ধান্ত নিই, শুধু কানাডাকেই কেন্দ্র করব। আমি ২০২৫ সালের এপ্রিলে গ্র্যান্ড ক্যানিয়নে যাওয়ার পারিবারিক ভ্রমণ বাতিল করে সেই বাজেট কানাডায় ঘুরে ব্যয় করেছি।'

টরন্টোভিত্তিক জনসংযোগকর্মী ট্রেসি লামুরি আরও কড়া অবস্থান নিয়েছেন। তিনি বলেন, আমি আর কখনো সীমান্ত পার হব না। ভ্রমণের জন্য ইউরোপ বেছে নিয়েছি, আর কাজের জন্য জুমই যথেষ্ট। '৫১তম অঙ্গরাজ্য' আর মানবাধিকার পরিস্থিতির কারণে আগেও যুক্তরাষ্ট্র নিরাপদ মনে হতো না, এখন তো পুরোপুরি 'নো-গো' তালিকায়

এই মনোভাব শুধু কানাডিয়ানদের মধ্যেই সীমাবদ্ধ নয়। ইউএসটিএর হিসাব অনুযায়ী, আন্তর্জাতিক পর্যটকেরা যুক্তরাষ্ট্রে ভ্রমণ কমিয়ে দিলে মোট ক্ষতি ৫.৭ বিলিয়ন ডলার (৪.২৮ বিলিয়ন পাউন্ড) হতে পারে।



চলতি বছরের জানুয়ারি থেকে অক্টোবর পর্যন্ত কানাডা থেকে যুক্তরাষ্ট্রে ভ্রমণ ২৩ শতাংশ কমেছে। *ছবি: এএফপি*

কানাডার জাতীয় পরিসংখ্যান সংস্থা স্ট্যাটিস্টিকস কানাডা জানায়, ২০২৫ সালে দেশের ভেতরে ভ্রমণ উল্লেখযোগ্যভাবে বেড়েছে। পাশাপাশি কানাডিয়ানদের ভ্রমণ বেড়েছে মেক্সিকো, পর্তুগাল, বাহামাস ও বেলিজে। সংস্থাটির তথ্য অনুযায়ী, মেক্সিকোর শহরগুলোতে কানাডিয়ান পর্যটক প্রায় ১২ শতাংশ বৃদ্ধি পেয়েছে। একই সঙ্গে বুয়েনস আইরেস, ওসাকা, কোপেনহেগেন ও কুরাসাওয়ের মতো গন্তব্যে কানাডিয়ানদের খরচ ২০২৪ সালের তুলনায় ১০০ শতাংশের বেশি বেড়েছে।

অন্যদিকে, কানাডিয়ান পর্যটকের ওপর নির্ভরশীল যুক্তরাষ্ট্রের অনেক অঞ্চল ক্ষতির মুখে পড়েছে। জানুয়ারি থেকে জুলাই পর্যন্ত যুক্তরাষ্ট্রের জনপ্রিয় পর্যটন এলাকা ভারমন্টে কানাডা থেকে আসা পর্যটক কমেছে প্রায় ৩০ শতাংশ। লাস ভেগাসে চলতি বছর এখন পর্যন্ত ১৮ শতাংশ কানাডিয়ানের ভ্রমণ কমেছে। ফোর্ট লডারডেল, আপস্টেট নিউইয়র্কসহ অনেক এলাকাতেও একই চিত্র দেখা যাচ্ছে।

এদিকে ইউরোপ ও ক্যারিবীয় অঞ্চলের সঙ্গে সরাসরি ফ্লাইট বাড়ানোয় যুক্তরাষ্ট্র এড়িয়ে যাওয়া কানাডিয়ানদের জন্য বিকল্প আরও সহজ হয়েছে। এয়ার কানাডার নির্বাহী ভাইস প্রেসিডেন্ট মার্ক গালার্ডো এক বিবৃতিতে বলেন, 'বার্লিন, পাল্মা দেলগাদা, নঁত ও ব্রাসেলসের মতো ইউরোপীয় শহরে নতুন নন-স্টপ রুট চালু করছি, যাতে ভ্রমণ সহজ হয় এবং পর্যটন ও অর্থনৈতিক সম্পর্ক জোরদার হয়।'

৪ থেকে ২০ ডিসেম্বরের মধ্যে এয়ার কানাডা ক্যারিবীয়, মধ্য ও দক্ষিণ আমেরিকায় ১৩টি নতুন রুট চালু করছে; যা মূলত শীতকালে ফ্লোরিডা বা ক্যালিফোর্নিয়ার ওপর নির্ভর করা কানাডিয়ান 'স্নোবার্ড'দের লক্ষ্য করেই।

এই প্রবণতা কত দিন চলবে, তা স্পষ্ট নয়। তবে এমিলি ব্রিয়োঁ মনে করেন, এর প্রভাব দীর্ঘমেয়াদি হতে পারে। তিনি বলেন, 'এটা কানাডিয়ানদের জন্য নিজের দেশের কম পরিচিত অঞ্চল ঘুরে দেখার সুযোগ। যেমন ব্যানফের বদলে কুটেনে। আমার মনে হচ্ছে না এটা স্বল্পমেয়াদি বিষয়; বরং কানাডিয়ানদের ভ্রমণ পছন্দে একটি স্থায়ী পরিবর্তনের সূচনা হচ্ছে।'

সারা দেশে গুপ্ত হামলার শঙ্কা

- স্বরাষ্ট্র ও পুলিশ সদর দপ্তরে জরুরি বৈঠক
- 'ডেভিল হান্ট'-এর দ্বিতীয় পর্ব শুরু
- অবৈধ আগ্নেয়াস্ত্র উদ্ধারে হিমশিম
- পেশাদার কিলার গ্রুপ সক্রিয়
- টার্গেট জেলা-উপজেলার নির্বাচনী অফিস
- প্রার্থীদের বিশেষ নিরাপত্তা দিতে নোটিস

প্রথম পৃষ্ঠার পর

পরিস্থিতি নিয়ে জনমনে শঙ্কা বাড়িয়ে দিয়েছে। তফসিল ঘোষণার পরের দিনই ঢাকার বিজয়নগর কালভার্ট রোডে হাদির ওপর হামলার ঘটনায় দেশ-বিদেশে তোলপাড় শুরু হয়েছে। ঘাতকদের ধরতে বা চিহ্নিত করতে পারছে না আইনশৃঙ্খলা বাহিনী। তবে কর্মকর্তারা আশাবাদী হয়ে বলেছেন, দ্রুত সময়ের মধ্যেই অপরাধীরা ধরা পড়বে। তবে হাদি গুলিবিদ্ধ হওয়ার পর জাতীয় সংসদ নির্বাচনের সম্ভাব্য প্রার্থীদের মধ্যেও দেখা দিয়েছে আতঙ্ক। ইতিমধ্যে পুলিশের একটি ইউনিট ঢাকাসহ সারা দেশে আরও গুপ্ত হত্যার আশঙ্কা করে সতর্ক করেছে। ব্যক্তির পাশাপাশি জেলা-উপজেলার নির্বাচনী অফিসকে টার্গেট করেছে দুর্বৃত্তরা।

হাদি গুলিবিদ্ধ হওয়ার পর শনিবার স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও পুলিশ সদর দপ্তরে জরুরি বৈঠক হয়েছে। ওইসব বৈঠকে স্বরাষ্ট্র ও পুলিশের উর্ধ্বতনরা উদ্বেগ জানিয়ে নতুন বার্তা পাঠিয়েছেন পুলিশের সবকটি ইউনিট প্রধানকে। আজ রবিবার থেকে দ্বিতীয়বারের মতো 'ডেভিল হান্ট' অভিযান শুরু হবে। অভিযান নিয়ে পুলিশ সদর দপ্তর থেকে বেশকিছু দিক-নির্দেশনা দেওয়া হয়েছে। ওই নির্দেশনায় বলা হয়েছে, জাতীয় নির্বাচনে সম্ভাব্য প্রার্থীদের নিরাপত্তা দিতে হবে। চোরাগোপ্তা হামলা ঠেকাতে আনাচে-কানাচে পুলিশি সোর্স বাড়াতে হবে। এলাকার ক্লোজ সার্কিট ক্যামেরা সচল আছে কি না তা দ্রুত সময়ের মধ্যে পর্যালোচনার আওতায় আনতে হবে। দেশের সীমান্ত এলাকায় কড়াকড়ি আরোপ করতে হবে। আন্ডারওয়ার্ল্ডের শীর্ষ সন্ত্রাসীরা ভাড়াটে কিলারদের দিয়ে রাজনৈতিক মাঠ উত্তপ্ত করার শঙ্কা দেখা দিয়েছে। সেইজন্য নজরদারি বাড়াতেই হবে। অপরিচিত কাউকে দেখলেই তাকে জিজ্ঞাসাবাদের আওতায় আনতে হবে। রাস্তায় পুলিশ ও র‍্যাবের টহল বৃদ্ধি করার পাশাপাশি সতর্কভাবে চলতে হবে।

জানতে চাইলে পুলিশের মহাপরিদর্শক (আইজিপি) বাহারুল আলম বলেন, 'একটি অশুভ মহল চক্রান্ত করে আসছে। তবে তাদের সেই আশা পূরণ হবে না। আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে সারা দেশের পুলিশকে বিশেষ নির্দেশনা দেওয়া হয়েছে। জুলাইযোদ্ধা হাদির ওপর হামলাকারীদের দ্রুত সময়ে চিহ্নিত করে আইনের আওতায় নিয়ে আসতে পুলিশ-র‍্যাব ও গোয়েন্দা সংস্থা কাজ করছে। অপরাধীদের ধরতে বিশেষ অভিযান শুরু হচ্ছে। দেশের নিরাপত্তা যারা বিঘ্নিত করার চেষ্টা করবে তাদের কঠোরভাবে দমন করা হবে।'

গোপন প্রতিবেদনে নানা বার্তা :

পুলিশ সূত্র জানায়, দুই দিন আগে পুলিশের একটি সংস্থা গোপন প্রতিবেদন পাঠায় পুলিশ সদর দপ্তরে। সীমান্তবর্তী এলাকায় উত্তপ্ত করার চেষ্টা করছে একটি বিশেষ মহল। ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের তফসিল ঘোষণার পর ওই মহলটি দেশকে অস্থিতিশীল করার চেষ্টা করছে। এরই অংশ হিসেবে হাদিকে হত্যার চেষ্টা চালানো হয়েছে। প্রার্থীরা ঝুঁকির মধ্যে আছেন। গত ২৭ নভেম্বর থেকে গতকাল পর্যন্ত ১১টি গুলির ঘটনা ঘটেছে সারা দেশে। এসব ঘটনায় ৯ জন নিহত হয়েছেন। ২৭ নভেম্বর ব্রাহ্মণবাড়িয়ায় বাসা থেকে ডেকে নিয়ে ছাত্রদলের সাবেক এক নেতাকে গুলি করে হত্যা করা হয়। একই দিন পাবনার ঈশ্বরদীতে নির্বাচনী প্রচারকে কেন্দ্র করে বিএনপি ও জামায়াত নেতা-কর্মীদের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটে। এ সময় এক যুবককে অস্ত্র হাতে গুলি করতে দেখা যায়। গত ৩০ নভেম্বর খুলনা মহানগর দায়রা জজ আদালতের প্রধান ফটকের বাইরে দুর্বৃত্তদের গুলিতে দুজন নিহত হন। ১ ডিসেম্বর সন্ধ্যায় রাজধানীর জুরাইনে গ্যাসপাইপ এলাকার জব্বারের গলিতে দুর্বৃত্তদের গুলিতে পূর্বশত্রুতার জেরে এক যুবক নিহত হয়। ২ ডিসেম্বর রাতে নরসিংদীর রায়পুরার চরাঞ্চলে এক জুয়েলারি ব্যবসায়ীকে বাড়ি থেকে ডেকে নিয়ে গুলি করে হত্যা করা হয়। ৩ ডিসেম্বর মধ্যরাতে নোয়াখালীতে এক দোকানিকে গুলি করে মোটরসাইকেল, মুঠোফোন ও টাকার ব্যাগ লুট করে নিয়ে যায়। ৪ ডিসেম্বর কুষ্টিয়ার দৌলতপুর উপজেলায় এক কৃষককে গুলি করে হত্যা করে দুর্বৃত্তরা। এ ঘটনায় আরও দুজন গুলিবিদ্ধ হন। এ রকম আরও একাধিক ঘটনা ঘটেছে।

প্রার্থী নিরাপত্তায় তিন ক্যাটাগরি :

পুলিশের গোপন প্রতিবেদনে আরও বলা হয়েছে, প্রত্যেক প্রার্থীর নিরাপত্তা ঝুঁকি মূল্যায়ন করে আ, ই, ঈ ক্যাটাগরিতে ভাগ করে নিরাপত্তা দিতে হবে। তার মধ্যে আ ক্যাটাগরির ঝুঁকিপূর্ণ প্রার্থীদের জন্য অতিরিক্ত ব্যক্তিগত নিরাপত্তা কর্মকর্তা নিয়োগ দেওয়া যেতে পারে। প্রার্থীদের জনসভা, পথসভা ও গণসংযোগে যাওয়ার সময় নির্দিষ্ট রুটে মোবাইল প্যাট্রলিং জোরদার করতে হবে। প্রার্থীর নির্বাচনী অফিসে প্রবেশের আগে মেটাল ডিটেক্টর ও ব্যক্তিগত তল্লাশির মাধ্যমে নিরাপত্তা নিশ্চিত করতে হবে। গুরুত্বপূর্ণ প্রার্থীদের জন্য নির্বাচনের সময় পর্যন্ত ন্যূনতম ভিআইপি প্রটোকল বা এসকর্ট ডিউটির ব্যবস্থা করতে হবে। স্থানীয় জনগণের সহযোগিতা নিয়ে সন্দেহভাজন ব্যক্তির বিষয়ে তাৎক্ষণিক তথ্য সংগ্রহের জন্য কমিউনিটি পুলিশিং কার্যক্রমকে কাজে লাগাতে হবে। সক্রিয় কিলার গ্রুপ এবং তাদের মদদদাতাদের বিষয়ে সুনির্দিষ্ট তথ্য সংগ্রহের জন্য গোয়েন্দা কার্যক্রম বাড়াতে হবে। নির্বাচন সামনে রেখে অবৈধ আগ্নেয়াস্ত্রের ব্যাপক মজুদ গড়ে ওঠার বিষয়ে উদ্বেগ প্রকাশ করা হয়েছে এবং তা উদ্ধার করতে হিমশিম খাওয়া পরিস্থিতি দ্রুত কাটিয়ে ওঠার জন্য কঠোর অভিযান পরিচালনার সিদ্ধান্ত নেওয়া হয়েছে। দ্রুত মোটরসাইকেলে এসে প্রার্থীর ওপর বা নির্বাচনী অফিসে হামলা চালিয়ে মুহূর্তের মধ্যে পালিয়ে যাওয়ার চেষ্টা করলে দ্রুত ব্যবস্থা নিতে হবে।

এ বিষয়ে অবশ্য স্বরাষ্ট্র উপদেষ্টা জাহাঙ্গীর আলম চৌধুরী বলেছেন, 'আগামী নির্বাচনে যারা প্রার্থী হবেন তাদের সবার নিরাপত্তা দেওয়া হবে। ফ্যাসিস্টদের গ্রেপ্তারের সংখ্যা বাড়াতে হবে। এতদিন শুধু সরকারি কর্মচারীদেরই অস্ত্রের লাইসেন্স দেওয়া হতো। এখন যারা নির্বাচনে অংশ নেবেন তারাও যদি অস্ত্র চান, তাহলে তাদেরও লাইসেন্স দেওয়া হবে। যাদের কোনো অস্ত্র আমাদের কাছে জমা আছে সেগুলো ফেরত দেওয়া হবে।

তিনি বলেন, জুলাই গণঅভ্যুত্থানে সম্মুখসারির যোদ্ধাদের নিরাপত্তা নিশ্চিতে সরকার বদ্ধপরিকর। সরকারের পক্ষ থেকে তাদের নিরাপত্তায় বিশেষ ব্যবস্থা নেওয়া হচ্ছে।

এমন অপরাধীর জামিন পাওয়া নিয়ে প্রশ্নের জবাবে জাহাঙ্গীর আলম চৌধুরী বলেন, 'আমরা তো গ্রেপ্তার করেছি। কিন্তু তাকে জামিন দেওয়ার ক্ষমতা তো আদালতের। আবার আমরা তাকে আইনের আওতায় নিয়ে আসার চেষ্টা করছি।'

পুলিশ সদর দপ্তরে জরুরি বৈঠক :

পুলিশ সদর দপ্তরে কর্মরত ডিআইজি পদমর্যাদার এক কর্মকর্তা বলেন, ছাত্র-জনতার গণঅভ্যুত্থানে আওয়ামী লীগ সরকারের পতনের পর ঢাকাসহ দেশের বিভিন্ন স্থানে আইনশৃঙ্খলা পরিস্থিতি অবনতি হওয়ার পরেও তা কোনো উন্নতি হচ্ছে না। দিন দিন পরিস্থিতি অবনতির দিকেই যাচ্ছে। প্রায় প্রতিদিনই হত্যাকাণ্ড, অপহরণ, চাঁদাবাজিসহ অন্যান্য অপরাধ সংঘটিত হচ্ছে। বিভিন্ন অভিযানে গিয়ে পুলিশের ওপর হামলার ঘটনাও ঘটছে। জাতীয় নির্বাচন যতই ঘনিয়ে আসছে ততই উত্তাপ ছড়াচ্ছে। আন্ডারওয়ার্ল্ডের সন্ত্রাসীরা সক্রিয় হয়ে ওঠার চেষ্টা চালাচ্ছে। এ নিয়ে আমরা চিন্তিত। হাদির গুলিবিদ্ধ হওয়ার পর আইজিপির নেতৃত্বে ঊর্ধ্বতনরা বিশেষ বৈঠক করেছেন। তাছাড়া স্বরাষ্ট্র মন্ত্রণালয়েও বিশেষ সভা হয়েছে। ওইসব সভায় বেশকিছু কঠোর সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

সব অপরাধই বেড়েছে :

বৈঠকে উপস্থিত পুলিশের এক কর্মকর্তা বলেন, আইনশৃঙ্খলা পরিস্থিতি উদ্বেগজনকভাবে বেড়ে যাওয়া নিয়ে বৈঠকে বিশদ আলোচনা করা হয়। যারা অবনতি ঘটাচ্ছে তাদের দ্রুত চিহ্নিত করে আইনের আওতায় আনার সিদ্ধান্ত হয়েছে বৈঠকে। তাছাড়া ইউনিট প্রধান, রেঞ্জ ডিআইজি, জেলার পুলিশ সুপার ও থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাদের কাছে বিশেষ বার্তা পাঠানো হয়েছে। গুলি, ডাকাতি, ছিনতাই, খুন, দস্যুতা, পাশবিক নির্যাতন, চাঁদাবাজি, নারী নির্যাতন, পুলিশ আক্রান্ত, মাদকদ্রব্য কেনা-বেচা, চোরাচালান, চুরিসহ অন্যান্য অপরাধ বেড়েছে। গুরুত্বপূর্ণ পয়েন্টে তল্লাশিচৌকি বৃদ্ধি, অপরাধপ্রবণ এলাকায় টহল সংখ্যা বাড়ানো, সেনাবাহিনী, পুলিশের বিভিন্ন ইউনিট, বিজিবি সদস্যদের সমন্বয়ে যৌথবাহিনী গঠন করে অভিযান চালানো, গুরুত্বপূর্ণ সড়কে অতিরিক্ত প্যাট্রল ডিউটি বাড়ানো, পুলিশের বিভিন্ন ইউনিট প্রধান, উপ-পুলিশ কমিশনার, সেনাবাহিনীর মাঠে নিয়োজিত ব্রিগেড প্রধান ও অন্যান্য দায়িত্বশীল কর্মকর্তাদের প্রতিটি ঘটনার ক্ষেত্রে সমন্বয় করা, থানাভিত্তিক সন্ত্রাসীদের হালনাগাদ তালিকা করে তাদের আইনের আওতায় আনা ও মিথ্যা গুজব ও প্রোপাগান্ডার বিপরীতে সত্য তথ্যগুলো প্রচারে নানামুখী পদক্ষেপ নিতে বার্তা পাঠানো হয়েছে। আজ থেকে ডেভিল হান্টের ২য় পর্ব শুরু হচ্ছে। তিনি আরও বলেন, জেলা-উপজেলায় নির্বাচনী অফিসগুলো টার্গেট করা হয়েছে। ইতিমধ্যে পিরোজপুরের মঠবাড়িয়া ও লক্ষ্মীপুরে নির্বাচনী অফিসে আগুন দেওয়া হয়েছে।

ভীতি ছড়াচ্ছে বেহাত আগ্নেয়াস্ত্র :

গণঅভ্যুত্থান চলাকালে থানা ও ফাঁড়ি থেকে বিপুল অস্ত্র-গোলাবারুদ লুট হয়েছে। তার মধ্যে ১ হাজার ৩৫০টি আগ্নেয়াস্ত্র এবং ২ লাখ ৫৭ হাজার ৫৭৪টি গোলাবারুদ উদ্ধার হয়নি এখনো। ইতিমধ্যে এসব আগ্নেয়াস্ত্র উদ্ধার করতে সরকার পুরস্কারও ঘোষণা করেছে। তারপরও অস্ত্র উদ্ধার করতে হিমশিম খেতে হচ্ছে আইনপ্রয়োগকারী সংস্থাগুলোকে। এই প্রসঙ্গে পুলিশ সদর দপ্তরের অতিরিক্ত ডিআইজি পদমর্যাদার এক কর্মকর্তা দেশ রূপান্তরকে বলেন, বেহাত হওয়া অস্ত্র-গোলাবারুদ নিয়ে আমরা ভয়ের মধ্যে আছি। আগামী সংসদ নির্বাচনও হুমকির মুখে মনে হচ্ছে। এসব আগ্নেয়াস্ত্র দিয়ে খুন-খারাবি, চাঁদাবাজি, দখলবাজি, মাদক কারবার, ডাকাতি, ছিনতাই, আধিপত্য বিস্তার, রাজনৈতিক ও ব্যক্তিগত দ্বন্দ্ব থেকে শুরু করে নানা অপরাধে ব্যবহৃত হচ্ছে। নির্বাচনের সময় যত ঘনিয়ে আসছে উত্তাপ ও উদ্বেগ বেড়েই চলছে। আইনশৃঙ্খলা পরিস্থিতিও ভালো নয়। আওয়ামী লীগ সরকার পতনের পর সাবেক মন্ত্রী, এমপি ও প্রভাবশালী নেতাদের বাসা থেকে লাইসেন্সকৃত অস্ত্র-গুলি লুট হয়েছে। এসব অস্ত্র হাতবদল হয়ে পেশাদার অপরাধীদের হাতে চলে গেছে।

আন্ডারওয়ার্ল্ড সন্ত্রাসীদের নিয়ে যত ভয় :

আন্ডারওয়ার্ল্ডের শীর্ষ সন্ত্রাসী জিসানসহ অন্য সন্ত্রাসীদের নিয়ে বেশি ভয় আইনশৃঙ্খলা বাহিনীর। তারা ভাড়াটে দিয়ে কিলিং মিশনে সক্রিয় আছে বলে পুলিশ তথ্য পেয়েছে। হাদির গুলির ঘটনার পেছনে জিসানেরও হাত থাকতে পারে বলে পুলিশে 'চাউর' হয়ে আছে। জিসান বর্তমানে দুবাই আছেন। ওই দেশে থাকলেও ঢাকার আন্ডারওয়ার্ল্ডে সবচেয়ে বেশি প্রভাব তার। জিসানের সহযোগী জাফর আহমেদ মানিক ওরফে ফ্রিডম মানিকও সক্রিয় আছে। আরেক শীর্ষ সন্ত্রাসী ইমামুল হাসান হেলাল ওরফে পিচ্চি হেলাল, কিলার আব্বাস, সুইডেন আসলাম, ইমন, খন্দকার নাঈম আহমেদ ওরফে টিটন, খোরশেদ আলম ওরফে রাসু ওরফে ফ্রিডম রাসুসহ আরও কয়েকজন রাজনৈতিক মাঠ উত্তপ্ত করার চেষ্টা করছে।

আইনশৃঙ্খলা বাহিনীকে সজাগ থাকার পরামর্শ :

নিরাপত্তা বিশ্লেষকরা বলেছেন, নির্বাচন ঘিরে যেকোনো ধরনের সহিংস ও অন্তর্ঘাতমূলক ঘটনা প্রতিরোধে গোয়েন্দা সংস্থাসহ আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে সর্বোচ্চ সজাগ থাকতে হবে। অবৈধ অস্ত্র সুষ্ঠু ভোটের ক্ষেত্রে বড় বাধা হয়ে দাঁড়াতে পারে। অবৈধ অস্ত্র উদ্ধারে আরও জোরদার অভিযান পরিচালনা করতে হবে। নিরাপত্তা ঝুঁকি বিবেচনায় নিয়ে প্রার্থীদের নিরাপত্তায় সর্বোচ্চ ব্যবস্থা নিতে হবে। নিরাপত্তা বিশ্লেষক ড. তৌহিদুল হক বলেন, জুলাইযোদ্ধা হাদির ওপর দুর্বৃত্তদের গুলির ঘটনা সুষ্ঠু নির্বাচনের জন্য একটা অশনি সংকেত। এর আগেও প্রার্থীর ওপর গুলির ঘটনা ঘটেছে। তফসিলের আগে যেসব ঘটনা ঘটেছে সেগুলোর যদি যথাযথ ব্যবস্থা নেওয়া হতো তাহলে তফসিলের পর এই ধরনের ঘটনা দেখতে হতো না।

নিশ্চয়ই আমি একজন মুসলমান



জাফর আহমাদ

সর্ব প্রথম আমি একজন ঈমানদার মু'মিন তারপর আমি একজন মুসলমান। আমি দৃঢ়ভাবে এই আকিদা পোষণ করি যে, আল্লাহ এক ও একক। তাঁর সাথে কোন শরীক নাই। তিনি ছাড়া কোন ইলাহ নেই। ইলাহ মানে আইনদাতা, বিধানদাতা, সার্বভৌম ক্ষমতার একক মালিক ও উপাস্য। তিনি আমার রব, তিনিই আমাকে সৃষ্টি করেছেন, আমি তাঁরই গোলাম বা দাস। তিনি হযরত আদম আ: থেকে শুরু করে হযরত মুহাম্মদ সা: পর্যন্ত যত নবী ও রাসুল পাঠিয়েছেন এবং তাঁদের ওপর যেই কিতাব নাযিল করেছেন, সেই সকল নবী-রাসুল ও কিতাবের ওপর ঈমান পোষণ করি। আমি সর্বশেষ নবী ও রাসুল মুহাম্মাদ সা: এর উম্মত। আমি বিশ্বাস করি তিনি শেষ নবী ও রাসুল। তাই আমি আমার জীবন ব্যবস্থা বা দীন অনুসরণে দেখিনা কোন কোন বযুর্গ কি বলেছেন, কোন পীর সাহেব কি করেছেন বরং আমি দেখি আল্লাহ কি বলেছেন এবং নবী সা: কি করেছেন। অর্থাৎ আমি আল্লাহর নির্দেশিত ও রাসুল সা: এর প্রদর্শিত পথে নিজেকে পরিচালনা করি।

আল্লাহ তাঁর রাসুল সা: কে যেই উদ্দেশ্য বাস্তবায়নের জন্য দুনিয়ায় পাঠিয়েছেন, আমি রাসুলুল্লাহ সা: এর সুন্নাহ অনুসরণে সেই উদ্দেশ্য বাস্তবায়নের কাজকে নিজের জীবনোদ্দেশ্য করে নিয়েছি। এটিই প্রকৃত সুন্নাহ এটিই প্রকৃতপক্ষে রাসুলাহ সা: এর অনুসরণ। আল্লাহ তা'আলা বলেন,"তিনিই সেই মহান সত্তা যিনি তাঁর রাসুলকে হিদায়াত এবং 'দীনে হক' অর্থাৎ 'সত্য জীবন ব্যবস্থা' দিয়ে পাঠিয়েছেন যাতে তিনি এ দীনকে অন্য সকল দীনের ওপর বিজয়ী করেন, চাই তা মুশরিকদের কাছে যতই অসহনীয় হোক না কেন।"(সুরা সফ:৯) দীন বা জীবন ব্যবস্থা অনুসরণে আমি কখনো অন্যের বানানো বা মনগড়া জীবন ব্যবস্থাকে আল্লাহর দেয়া জীবন ব্যবস্থার সাথে সংমিশ্রণ করি না। আল্লাহর দাসত্বের সাথে অন্যদের দাসত্ব স্বীকারও করি না এবং পালনও করি না। শুধুমাত্র এক আল্লাহর আনুগত্য ও হিদায়াতের ওপর গোটা জীবন ব্যবস্থা কায়েম হোক এটিই আমার চাহিদা। এর ব্যত্যয় যদি ঘটে তবে আমি মুশরিকদের অন্তর্ভক্ত হয়ে যাবো। প্রকৃতপক্ষে আমি মুশরিকদের অন্তর্ভুক্ত নই। আমি আল্লাহর কাছে সকল প্রকার শিরক থেকে আশ্রয় প্রার্থনা করি।

দুনিয়াতে যারা ইচ্ছামত যে কোন প্রভু ও উপাস্যের দাসত্ব করতে সংকল্পাবদ্ধ এবং যে কোন দর্শন ও মতবাদের ওপর নিজেদের আকীদা-বিশ্বাস, নৈতিকতা এবং তাহযীব তমুদ্দনের ভিত্তিস্থাপন করতে প্রস্তুত এমনসব লোকের বিরোধীতার মুখেও তাদের সাথে আমার রাসুল সা: আপোস করেননি, আমিও ঐ সমস্ত মুশরিকদের সাথে কখনো আপোস করি না। বরং রাসুল সা: কে পাঠানো হয়েছিল এ জন্য যে, তিনি আল্লাহর পক্ষ থেকে যে হিদায়াত ও জীবন ব্যবস্থা এনেছেন তাকে গোটা জীবনের সব দিক ও বিভাগের ওপর বিজয়ী করে দিবেন। অবস্থা যাই হোক না কেন, তাঁকে এ কাজ করতেই হবে। কাফের মুশরিকরা তা মেনে নিক আর না নিক এবং এ বিরোধীতায় সর্বশক্তি নিয়োগ করলেও সর্ববস্থায় রাসুলের এ মিশন সফলকাম হবে এবং পূর্ণতা লাভ করবে। তাঁর ২৩ বৎসরের অবিরত সংগ্রামের মাধ্যমে সফলকাম হয়েছেনও বটে। অসংখ্য মতবাদ ও মানুষের বানোনো জীবন ব্যবস্থার ওপর ইসলামী জীবন ব্যবস্থাকে তিনি কায়েম করেছেন। মদীনা নামক ইসলামী রাষ্ট্র ব্যবস্থা কায়েম করে দুনিয়াবাসীর সামনে এর বাস্তবতার প্রমাণও তিনি দেখিয়ে গেছেন। আমি রাসুলুল্লাহ সা: এর এই প্রকৃত সুন্নাহর অনুসারী। তাই আমি তাঁর সুন্নাহর অনুসরণে আমার জন্মভূমিতে প্রচলিত জীবন ব্যবস্থার ওপর ইসলামী জীবন ব্যবস্থাকে প্রতিষ্ঠিত করতে তৎপর।

দুনিয়াতে রাসুল সা: এর আগমনের মূল উদ্দেশ্য সম্পর্কে আমাদের মধ্যে ধ্রুমজাল সৃষ্টি করা হয়েছে। এটি কাফের-মুশরিকদেরই কাজ। কারণ রাসুল সা: এর মৌল উদ্দেশ্য যদি আমরা জেনে ফেলি তাহলে কাফের-মুশরিকদের জন্য তা অসহনীয় হয়ে যায়। তাই তারা রাসুল প্রেরণের মৌল উদ্দেশ্যকে ভুলিয়ে দিয়ে রাসুলুল্লাহ সা: কে নির্দিষ্ট কিছু ইবাদাত ও জীবানাচারের মধ্যে সীমাবদ্ধ করেছে। মুসলমানগণ অত্যন্ত যত্নসহকারে নির্দিষ্ট কিছু ইবাদাত ও যিকর পালন করে আল্লাহর কাছে বেহেশতের নায-নিয়ামত লাভের জন্য দু'আ করে। রাসুলুল্লাহ সা: যে উদ্দেশ্যে প্রেরিত হয়েছিলেন তা আল কুরআনের এক জায়গায় নয় বরং বেশ কিছু সুরাতে বর্ণিত হয়েছে। আমাদের সকল ইমাম ও মুসলিমগণ এগুলো তেলাওয়াতের মাধ্যমে প্রত্যেহ সালাত আদায় করেন,কিন্তু আয়াতগুলো নিয়ে কখনো চিন্তা-ভাবনা করে না এবং আয়াতগুলোর আহবানে কখনো সাড়া দেয় না।

উল্লেখিত সুরা সফ ছাড়াও আল্লাহ তা'আলা বলেন," আল্লাহই তো সে মহান সত্তা যিনি তাঁর রাসুলকে হিদায়াত ও সত্য দীন দিয়ে পাঠিয়েছেন যেন তাকে সমস্ত দীনের ওপর বিজয়ী করে দেন। আর এ বাস্তবতা সম্পর্কে আল্লাহর সাক্ষই যতেষ্ট।"(সুরা ফাতাহ:২৮) আল্লাহ আরো বলেন,"আল্লাহই তাঁর রাসুলকে পথ নির্দেশ ও সত্য দীন সহকারে পাঠিয়েছেন যাতে তিনি একে সকল প্রকার দীনের ওপর বিজয়ী করেন, মুশরিকরা একে যতই অপছন্দ করুক না কেন।"(সুরা তাওবা:৩৩)

আল কুরআনে দীন শব্দটি আরবী ভাষায় এমন একটি জীবন ব্যবস্থা ব জীবন পদ্ধতি অর্থে ব্যবহৃত হয় যার প্রতিষ্ঠাতাকে সনদ ও অনুসরণযোগ্য মেনে নিয়ে তার আনুগত্য করতে হয়। কাজেই আয়াতে রাসুল পাঠাবার উদ্দেশ্য বর্ণনা করে বলা হয়েছে দীন জাতীয় বা দীনের শ্রেনীভুক্ত অন্য কথায় জীবন বিধান পদবাচ্য সমস্ত পদ্ধতি ও ব্যবস্থার ওপর জয়ী করবেন। অন্য কথায় রাসুলের কখনো এ উদ্দেশ্যে পাঠানো হয়নি যে, তিনি যে জীবন ব্যবস্থা নিয়ে এসেছেন তা অন্যান্য জীবন ব্যবস্থার কাছে পরাজিত হয়ে ও সেগুলোর পদানত থেকে তাদের দেয়া সুযোগ সুবিধা ভোগ করার মধ্যে নিজেকে সীমাবদ্ধ ও সংকোচিত করে রাখবে। বরং তিনি আকাশ ও পৃথিবীর একচ্ছত্র অধিপতির প্রতিণিধি হয়ে আসেন এবং নিজের মনিবের সত্য ও ন্যায়ের ব্যবস্থাকে বিজয়ী দেখতে চান। দুনিয়ায় যদি অন্য কোন জীবন ব্যবস্থার অস্তিত্ব থাকে তাহলে তাকে আল্লাহর ব্যবস্থার আওতাধীনেই তার দেয়া সুযোগ সুবিধা হাত পেতে নিয়ে বেঁচে থাকতে হবে। যেমন জিজিয়া আদায় করার মাধ্যমে যিম্মিরা নিজেদের অধীনতার জীবন মেনে নেয়।

সুরা মু'মিনুন এ দীন অর্থ শাসন ব্যবস্থা বলা হয়েছে। যেমন আল্লাহ তা'আলা বলেন, "একদিন ফেরাউন তার সভাসদদের বললো: আমাকে ছাড়ো, আমি এ মুসাকে হত্যা করবো। সে তার রবকে ডেকে দেখুক। আমার আশংখা হয়, সে তোমাদের দীনকে পাল্টে দেবে কিংবা দেশে বিপর্যয় সৃষ্টি করবে।"(সুরা মু'মিনুন:২৬) এখানে দীন মানে শাসন ব্যবস্থা। তাই ফেরাউনের কথার অর্থ হলো, "সে তোমাদের শাসন ব্যবস্থাকে পাল্টে দেবে।" অন্য কথায়, ফেরাউন ও তার খান্দানের চূড়ান্ত ক্ষমতা ও কর্তৃত্বের ভিত্তিতে ধর্ম, রাজনীতি, সভ্যতা ও অর্থনীতির যে ব্যবস্থা মিশরে চলছিল তা ছিল তৎকালে ঐ দেশের 'দীন'। ফেরাউন হযরত মুসার আন্দোলনের কারণে এ দীন পাল্টে যাওয়ার আশংখা করছিলো। কিন্তু প্রত্যেক যুগের কুচক্রী ও ধুরন্ধর শাসকদের মত সেও এ কথা বলছে না যে, আমার হাত থেকে ক্ষমতা চলে যাওয়ার আশংখা করছি। তাই আমি মুসাকে হত্যা করতে চাই। বরং পরিস্থিতিকে সে এভাবে পেশ করছে যে, হে জনগণ, বিপদ আমার নয়, তোমাদের। কারণ মূসার আন্দোলন যদি সফল হয়, তাহলে তোমাদের দীন বদলে যাবে। নিজের জন্য আমার চিন্তা নেই। আমি তোমাদের চিন্তায় নিশেষ হয়ে যাচ্ছি এই ভেবে যে, আমার ক্ষমতার ছত্রছায়া থেকে বঞ্চিত হলে তোমাদের কি হবে। তাই যে জালেমের দ্বারা তোমাদের ওপর থেকে এ ছত্রছায়া উঠে যাওয়ার আশংখা দেখা দিয়েছে তাকে হত্যা করা প্রয়োজন। কারণ সে দেশ ও জাতির উভয়ের শত্রু।

'লা ইলাহা ইল্লাল্লাহু মুখলিসিনা লাহুদ্দীন ওয়ালাও কারিহাল কাফিরুন।'আল্লাহ ছাড়া কোন ইলাহ নেই, কাফিরদের অপছন্দ সত্ত্বেও দীনকে আল্লাহর জন্য সুনির্দিষ্ট করলাম। আমি দৃঢ়পদে মনের সবটুকু শক্তি জমা করে বলছি যে, আমি একজন মুসলমান। আমার কথার চেয়ে উত্তম কথা পৃথিবীর আর একটিও নেই। আল্লাহ তা'আলা বলেছেন,"সেই ব্যক্তির কথার চেয়ে আর কার কথা উত্তম হবে যে আল্লাহর দিকে দিকে ডাকলো, সৎকাজ করলো এবং ঘোষনা করলো আমি মুসলমান।"(সুরা হামিম আস সাজদা:৩৩) আমি আল্লাহর আনুগত্যের ওপর দৃঢ়পদ, হে রহমান ও রহিম! আমাকে তা থেকে বিচ্যুত করো না। আমি নিজে শুধু এ পথ অবলম্বন করে নিরবে বসে থাকি না বরং অন্যদেরকে আল্লাহর বন্দেগীর দিকে আহবান জানাচ্ছি। আমি জানি আমার এই ঘোষনায় শয়তান ও তার সাঙ্গপাঙ্গরা আমাকে ছিঁড়ে ফেরে খাওয়ার জন্য ছুটে আসবে। আমি আমার আল্লাহর পূর্ণ ভরসা রাখি।

বর্তমান পৃথিবীতে যারা আকীদার সোল এজেন্ট দাবী করেন এবং অন্যের আকীদা নিয়ে প্রশ্ন তুলেন, তাদের তরে অনুরোধ আমার উল্লেখিত প্রবন্ধের আলোকে আপনার আকীদা যাচাই করুন, দেখুন আপনার আকীদা সঠিক আছে কি না। জীবনের সর্বক্ষেত্রে দীনকে কি আল্লাহর জন্য সুনির্দিষ্ট করতে পেরেছেন? না কি বিজাতীয় মতবাদের আওতায় নিজেকে ও নিজের দীনকে সুনির্দিষ্ট কিছু ইবাদাত-বন্দেগীর মধ্যে গুটিয়ে নিয়েছেন? শুধু মসজিদ ও মাদ্রাসা আল্লাহর আইন অনুযায়ী চলে কিন্তু জীবনের বৃহৎ অংশ চলে বিজাতীয় আইনের আওতায়। আল্লাহর দেয়া দীন তথা জীবন ব্যবস্থা এখানে বিজয়ী নেই, আল্লাহর রাসুল সা: এর সুন্নাহ অনুযায়ী এ দীন তথা জীবন ব্যবস্থাকে এখানে বিজয়ী করতে হবে। তাহলে আমার সালাত, আমার সাওম, যাকাত ও হজ্ব পরিপূর্ণতা পাবে। আল্লাহর দীনকে পরাজিত রেখে যতই সালাত, সওম, যাকাত ও হজ্জ পালন করা হোক না কেন, আখিরাতে মুক্তি লাভ করা সহজ নয়। রাসুলুল্লাহ সা: এর সুন্নাহকে সুনির্দিষ্ট কয়েকটি বিষয়ে সুনির্দিষ্ট করা হলে, তা হবে তাঁর প্রতি সুস্পষ্ট জুলুম।

